শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা

বার্ষিক প্রতিবেদন
২০১৬-১৭

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd
অক্টোবর, ২০১৭

বার্ষিক প্রতিবেদন (২০১৬-২০১৭) প্রণয়ন ও প্রকাশনা কমিটি ঃ

সার্বিক তত্ত্বাবধানে ঃ

জনাব মেহের আফরোজ চুমকি এমপি
মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

তত্ত্বাবধানে ঃ

জনাব নাছিমা বেগম এনডিসি
সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

সমন্বয়ক বৃন্দ ঃ

১। জনাব মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
২। জনাব মাশুক মিয়া, অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩। জনাব মাহমুদা শারমীন বেনু এনডিসি, অতিরিক্ত সচিব (পরিঃ ও উঃ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি ঃ

১।	ড. আবুল হোসেন প্রকল্প পরিচালক নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।	আহবায়ক
২।	নূরুন্নাহার বেগম সিনিয়র সহকারী প্রধান (পাউ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।	সদস্য সচিব

সম্পাদনা কমিটি ঃ

১.	যুগ্ম সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	আহবায়ক
২.	উপসচিব (সেল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৩.	উপসচিব (শিশু), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৪.	উপসচিব (উন্নয়ন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৫.	প্রকল্প পরিচালক (উপসচিব), মাল্টিসেক্টরাল প্রকল্প মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৬.	জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য
৭.	সিনিয়র সহকারী প্রধান (প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	সদস্য সচিব

বাণী

প্রতিমন্ত্রী
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এই প্রতিবেদনের মাধ্যমে নারী ও শিশু সম্পর্কিত কার্যক্রম ও অগ্রগতি বিষয়ে সম্যক ধারণা পাবে। এতদুদ্দেশ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রতি বছরের ন্যায় ২০১৬-২০১৭ অর্থ বছরেও বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নিয়েছে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় দেশের দূর্গম ও প্রত্যন্ত এলাকায় নারী ও শিশু উন্নয়নে ব্যাপক কার্যক্রম বাস্তবায়ন করছে। নারী ও শিশুদেরকে উন্নয়নের মূলস্রোতধারায় অংশগ্রহণ নিশ্চিতকরণে রয়েছে আরও কৌশলগত কার্যক্রম যার ফলে তৃণমূল পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত নারী ও শিশুর আর্থ-সামাজিক, পারিবারিক ও ব্যক্তিগত উন্নয়নের একটি ধারাবাহিক অগ্রগতি দৃশ্যমান হচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে 'রূপকল্প ২০২১' এবং ডিজিটাল বাংলাদেশ গঠনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নারী ও শিশুর অধিকার সুরক্ষা, সম-অধিকার, অর্থনৈতিক ক্ষমতায়ন এবং উন্নয়নের মূলস্রোতধারায় সম্পৃক্তকরণে বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কর্মসূচী বাস্তবায়ন করছে। এদেশকে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত করার জন্য উন্নয়নে নারী-পুরুষের সম্মলিত অংশগ্রহণ একটি পূর্বশর্ত। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নারী ও শিশু উন্নয়নের সঙ্গে বেসরকারী সংস্থা, নারী সংগঠন ও সুশীল সমাজের ব্যাপক অংশগ্রহণের ফলে দেশের নারী ও শিশু উন্নয়ন অগ্রগতির সূচক জাতীয় উন্নয়নের সূচককে সমৃদ্ধ করেছে। ফলে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সরকারের সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশের নারীর উন্নয়ন গ্লোবাল নারী উন্নয়ন সূচকে একটি বলিষ্ঠ নেতৃত্বের স্থান দখল করে আছে। নারী উন্নয়ন সূচকের ধাপ ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নারী ও শিশু উন্নয়নে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সমগ্র উন্নয়ন কার্যক্রমে নারীদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে। সুবিধা বঞ্চিত দুঃস্থ নারীদের উন্নয়নেও নেয়া হয়েছে বিশেষ কার্যক্রম। এর মধ্যে ভিজিডি, মাতৃত্বকাল ভাতা এবং ল্যাকটেটিং মা ভাতা উল্লেখযোগ্য। নারী ও শিশুদের সেবা প্রদানের জন্য ৪০টি জেলা সদর হাসপাতাল এবং ২০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৬০টি ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার স্থাপন করা হয়েছে। কর্মজীবী নারীদের নিরাপদ আবাসন সুবিধা প্রদানের জন্য ঢাকায় এবং ঢাকার বাইরে ১০টি কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ করা হয়েছে। ৭৩টি ডে-কেয়ার সেন্টারের মাধ্যমে কর্মজীবী মায়েদের শিশুদের জন্য যত্ন ও সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া নারী ও শিশুর আইনী সহায়তা প্রদানের জন্য পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০; এসিড নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০১০; জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১; জাতীয় শিশু নীতি ২০১১ ; শিশু আইন, ২০১৩; শিশুর প্রারম্ভিক বিকাশে সমন্বিত নীতি ২০১৩; পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) বিধিমালা ২০১৩; ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪; নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা (২০১৩-২০২৫) এবং বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে।

সরকারের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার আলোকে গৃহীতব্য কর্মপরিকল্পনা প্রণয়নের কাজ দ্রুত এগিয়ে চলছে। তৃণমূল পর্যায়ে গড়ে উঠা বিভিন্ন নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য ব্যবসায়ে সম্পৃক্ত করে আত্মকর্মসংস্থান ও ক্ষমতায়নের কার্যক্রম গ্রহণ করার উদ্দেশ্যে জয়িতা ফাউন্ডেশন গঠন করা হয়েছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমী এবং জয়িতা ফাউন্ডেশন নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/ সংস্থার কর্মরত কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে থেকে শুরু করে জাতীয় পর্যায় পর্যন্ত নারী ও শিশুদের জন্য নিরলসভাবে কাজের মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত করার জন্য যে অবদান রাখছেন আমি তাঁদেরকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আশাকরি ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন নারী ও শিশুর উন্নয়নে সংশিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের সাফল্যের প্রতিচ্ছবি হিসেবে বিবেচিত হবে।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হউক।

(মেহের আফরোজ চুমকি, এম.পি)

মুখবন্ধ

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগকে জানাই স্বাগতম।

নারীকে উন্নয়নের মূলস্রোতধারায় সম্পৃক্তকরণ জাতীয় উন্নয়নের পূর্বশর্ত। নারীর রাজনৈতিক, অর্থনৈতিক, পারিবারিক ও সামাজিক ক্ষমতায়নের লক্ষ্যে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও সময়োপযোগী পদক্ষেপের ফলে উন্নয়নে নারীর অর্থনৈতিক, পারিবারিক ও সামাজিক উন্নয়ন দেশের সামগ্রিক উন্নয়নের মাত্রাকে বলিষ্ঠ করেছে। নারীরা এদেশের উন্নয়নের মূল চালিকাশক্তি হিসেবে স্বীকৃত। নারীকে উন্নয়নের মূলস্রোতধারার বাইরে রেখে দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে নারীর ক্ষমতায়নকে সারা বিশ্বের রোল মডেল হিসেবে প্রতিষ্ঠা করেছেন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ এর অধীনস্থ মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমী এবং জয়িতা ফাউন্ডেশন দেশের তৃণমূল পর্যায় থেকে শুরু করে জাতীয় পর্যায় পর্যন্ত নারী ও শিশুদের জন্য গৃহীত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিশেষ করে শিক্ষা, স্বাস্থ্য, প্রশিক্ষণ, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় দুঃস্থ ও অসহায় মহিলাদের ভাতা প্রদান, ক্ষুদ্র ঋণ, নারীর কর্মসংস্থান সৃষ্টি, নারী ও কন্যা শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ, নারী ও শিশু পাচার প্রতিরোধ, সামাজিক সচেতনতা বৃদ্ধি, নারী ক্ষমতায়নে হোস্টেল এবং ডে-কেয়ার সুবিধাসহ বিভিন্ন উদ্ভাবনী ও সেবামূলক বহুমুখী কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়া নারী ও শিশু সুরক্ষা ও বৈষম্য দূরীকরণে প্রণয়ন করেছে বিভিন্ন আইন, বিধি, নীতি ও কর্মপরিকল্পনা। মন্ত্রণালয়ের নিজস্ব কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি সেক্টরাল মন্ত্রণালয়/বিভাগসমূহের দ্বারা বাস্তবায়িত নারী ও শিশু উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি তদারকি, পর্যালোচনা, সমন্বয় এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন করে থাকে।

সরকারের মন্ত্রণালয়/বিভাগের উন্নয়নের সূচক হলো বার্ষিক প্রতিবেদন। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ সালের বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে নারী ও শিশু উন্নয়ন কার্যক্রমের অগ্রগতির সূচক বা পরিমাপক তুলে ধরা হলো। নারী ও শিশু উন্নয়ন কার্যক্রমের অগ্রগতির সাফল্য জনসম্মুখে এবং জাতীয় পর্যায়ে তুলে ধরার জন্য এবার অন্যান্য বছরের ন্যায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ নিয়েছে।

আশা করি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের পূর্ববর্তী বছরের অগ্রগতির তুলনায় এ অর্থ বছরে নারী উন্নয়নের অগ্রগতি সূচক আরও অধিকতর দৃশ্যমান হবে যা নারী উন্নয়নের সূচকের গ্লোবাল জেন্ডার গ্যাপ কর্তৃক প্রকাশিত প্রতিবেদনে বাংলাদেশের সাফল্যের হারে ক্রমোন্নয়ে পরিলক্ষিত হবে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ এর অধীনস্থ মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমী এবং জয়িতা ফাউন্ডেশনের সকল কর্মকর্তা/কর্মচারী যারা নারী ও শিশুদের উন্নয়নে তৃণমূল থেকে জাতীয় পর্যায় পর্যন্ত নিরলসভাবে কাজ করছেন তাঁদেরকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ-বছরে বার্ষিক প্রতিবেদনটি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে প্রেরণার উৎস হিসেবে কাজ করবে।

নাছিমা বেগম এনডিসি

সূচীপত্র

ক্রমিক নং	অধ্যায়		পৃষ্ঠা নম্বর
	অধ্যায়-১		
১.১	পটভূমি: সারসংক্ষেপ		৯
১.২	রূপকল্প: (Vision)		৯
১.৩	অভিলক্ষ্য: (Mission)		৯
১.৪	কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)		৯
১.৫	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ: (Mandatory Strategic Objectives)		৯
১.৬	কার্যাবলি: (Function)		৯
১.৭	মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প বরাদ্দ		১০
১.৮	মন্ত্রণালয়ের কর্মসূচি বরাদ্দ		১০
১.৯	মন্ত্রণালয়ের বাজেট		১০
১.১০	জাতীয় বাজেট		১০
১.১১	জেন্ডার বাজেট		১০
১.১২	শিশু বাজেট		১০
১.১৩	অধিদপ্তর/সংস্থা		১১
১.১৪	২০১৬-২০১৭ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য অগ্রগতি	১.১৪.১ নারী উন্নয়ন কার্যক্রম	১১
		১.১৪.২ শিশু উন্নয়ন কার্যক্রম	১১
১.১৫	নিয়োগ ও পদোন্নতি		১২
	অধ্যায়-২		
২.	প্রশাসনিক		১৩
৩.	অডিট আপত্তি		১৫
৪.	শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)		১৬
৫.	সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)		১৬
৬.	মানব সম্পদ উন্নয়ন		১৬
৭.	সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)		১৮
৮.	তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন		১৮
৯.	প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা		১৯
১০.	মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত		২৪
১১.	উন্নয়ন প্রকল্প সংক্রান্ত		২৪
১২.	অবকাঠামো উন্নয়ন		২৫
১৩.	সামাজিক নিরাপত্তা কর্মসূচি		২৬
১৪.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ অধীনস্থ দপ্তর/সংস্থার অনুন্নয়ন বাজেট (পিপিএনবি) এর আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের (জুলাই ২০১৬-জুন ২০১৭) অগ্রগতি		২৮
১৫.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কর্মসূচীসমূহ		৩৪
১৬.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর অনুষ্ঠান।		৩৮
১৭.	জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত সভা/সেমিনার/কনফারেন্স		৩৯
১৮.	মন্ত্রণালয়ের কর্মকর্তা এবং কর্মচারীদেরকে ই-ফাইলিং প্রশিক্ষণ		৪১
১৯.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ই-সার্ভিস সমূহের তালিকা		৪১
২০.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মানবিক, সামাজিক ও অন্যান্য কার্যক্রম		৪৩
২১.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তাদের নামের তালিকা।		৫১
২২.	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২য় শ্রেণীর কর্মকর্তাদের নামের তালিকা		৫৫

প্রথম অধ্যায়

১.১ সারসংক্ষেপ

নারী ও শিশু উন্নয়ন, নারী নির্যাতন বন্ধ, নারী পাচার প্রতিরোধ, কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা বিধান এবং অর্থনৈতিক কর্মকান্ডের মূলস্রোতধারায় নারীর অংশগ্রহণ নিশ্চিত করাসহ নারীর সামগ্রিক আর্থ-সামাজিক উন্নয়নে 'মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়' বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করছে।

রাষ্ট্রীয় ও জনজীবনের সর্বক্ষেত্রে সমঅধিকার প্রতিষ্ঠা এবং সকল প্রকার বৈষম্য দূরীকরণের লক্ষ্যে পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০ প্রণয়ন করা হয়েছে, পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) বিধি, ২০১৩ প্রণয়ন করা হয়েছে। নারী ও শিশুর সামগ্রিক উন্নয়নে জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১, জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১ এর বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৩ প্রণয়ন করা হয়েছে। জাতীয় শিশু নীতি ২০১১ এবং শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি, ২০১৩, ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪ প্রণয়ন করা হয়েছে। নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা ২০১৩-২০২৫ প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনার আওতায় দেশের নারীদের শিক্ষিত ও দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলা, জাতীয় উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে নারীর সক্রিয় অংশগ্রহণ এবং নারীর রাজনৈতিক, সামাজিক, প্রশাসনিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করার কাজ এগিয়ে চলছে। বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭ প্রণয়ন করা হয়েছে। যৌতুক নিরোধ আইন (খসড়া) ২০১৭ প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। তৃণমূল পর্যায়ে গড়ে ওঠা বিভিন্ন নারী উদ্যোক্তাদের উৎপাদিত ব্যবসায়ে সম্পৃক্ত করে আত্মকর্মসংস্থান ও ক্ষমতায়নের কার্যক্রম গ্রহণ করার উদ্দেশ্যে জয়িতা ফাউন্ডেশন গঠন করা হয়েছে এবং "জয়িতা সৃজনে জয়িতা ফাউন্ডেশন ২০১৬" নামক একটি পরিচালনা নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

১.২ রূপকল্পঃ (Vision):

জেন্ডার সমতাভিত্তিক সমাজ ও সুরক্ষিত শিশু।

১.৩ অভিলক্ষ্য (Mission):

নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং ক্ষমতায়নসহ উন্নয়নের মূলস্রোতধারায় নারীদের সম্পৃক্তকরণ।

১.৪ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. নারী ও শিশুর সামাজিক নিরাপত্তা জোরদারকরণ
২. নারী ও শিশুর সুরক্ষা, নির্যাতন প্রতিরোধ ও অধিকার প্রতিষ্ঠা
৩. নারীর ক্ষমতায়ন ও শিশুর বিকাশ
৪. নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন।
৫. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

১.৫ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Mandatory Strategic Objectives):

১. পদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. অর্থ ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন নিশ্চিত করা।

১.৬ কার্যাবলি (Functions):

১. নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ
২. নারী ও শিশুর সামাজিক ও আইনগত অধিকার সংরক্ষণ
৩. নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও ক্ষমতায়ন
৪. নারী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন মন্ত্রণালয়ের কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ
৫. জাতীয় নারী উন্নয়ন নীতি ও জাতীয় শিশু নীতি বাস্তবায়ন
৬. নারী ও শিশু অধিকার রক্ষায় সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ
৭. বেগম রোকেয়া পদক প্রদান
৮. আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় শিশু দিবস, বঙ্গমাতার জন্মদিবস, বাল্যবিবাহ প্রতিরোধ দিবস, বিশ্ব শিশু দিবস, শিশু অধিকার সপ্তাহ ও কন্যাশিশু দিবস উদযাপন
৯. স্বেচ্ছাসেবী মহিলা সংস্থাসমূহ নিবন্ধন ও নিয়ন্ত্রণ।

১.৭ মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্প বরাদ্দঃ

২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভূক্ত মোট প্রকল্প সংখ্যা ১৭টি।

- » বিনিয়োগ প্রকল্প ১৩টি
- » কারিগরী সহায়তা প্রকল্প ৪টি

মোট বরাদ্দ ১৫৭.৩৩ কোটি টাকা

- » জিওবি ৯৬.১০ কোটি
- » প্রকল্প সাহায্য ৬১.২৩ কোটি

১.৮ মন্ত্রণালয়ের কর্মসূচি বরাদ্দঃ

২০১৬-২০১৭ অর্থ বছরের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মোট কর্মসূচির সংখ্যা ২৭টি। মোট বরাদ্দ ৫০.৫৪ কোটি টাকা যা মোট বরাদ্দের ২.৩৩%।

১.৯ মন্ত্রণালয়ের বাজেটঃ

২০১৬-১৭ অর্থ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মোট বাজেট বরাদ্দ ২১৭৩.৫৪ কোটি টাকা। যা মোট বাজেটের ০.৫৪%।

১.১০ জাতীয় বাজেটঃ

৪০০২৬৬ কোটি টাকার মধ্যে ৪০ টি মন্ত্রণালয় ও বিভাগে মহিলাদের শেয়ার ১০২২৯.২০ কোটি টাকা। যা মোট বাজেটের ২৭.২৫%।

১.১১ জেন্ডার বাজেটঃ

২০১৬-১৭ অর্থ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মোট বাজেট (উন্নয়ন ও অনুন্নয়ন) বরাদ্দ ১৫৭৬ কোটি টাকা। যা মোট বাজেটের ৭৮.১৪%।

১.১২ শিশু বাজেটঃ

৭টি মন্ত্রণালয়ে শিশু কল্যাণে ব্যায়িত মোট বাজেট বরাদ্দ ১০২২৯.২০ কোটি টাকা। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মোট বাজেট ৮২৬ কোটি টাকা। যা মোট বাজেটের ৮.০৬%

অর্থবছর	অনুন্নয়ন	উন্নয়ন	মোট
২০০৮-০৯	১০৯৮৫৫৪৫	১১৬৫৪০০	১২১৫০৯৪৫
২০০৯-১০	১০৫৯০১৯৬	১৫৭২৮৫০	১২১৬৩০৪৬
২০১০-১১	৯৮৮৭০৬১	২০৫৪১৫০	১১৯৪১২১১
২০১১-১২	১০৫৬৪১১০	১৮১৩৫২৬	১২৩৭৭৬৩৬
২০১২-১৩	১১৩৩৭০০৬	২০০০৬২৮	১৩৩৩৭৬৩৪
২০১৩-১৪	১১৭৪৯০৭১	২৫০৬৫০০	১৪২৫৫৫৭১
২০১৪-১৫	১৪০৬৩৯৯৮	১২৬৫০০০	১৫৩২৮৯৯৮
২০১৫-১৬	১৬২৫১৬৩৬	১৩৬১৬০০	১৭৬১৩২৩৬
২০১৬-১৭	২০১৬২১০৮	১৫৭৩৩০০	২১৭৩৫৪০৮



১.১৩ অধিদপ্তর/সংস্থাঃ

১. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ ৬৪ জেলা এবং ৪৮৮টি উপজেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের অফিস রয়েছে।

২. জাতীয় মহিলা সংস্থাঃ ৬৪ জেলা এবং ৫০টি উপজেলায় জাতীয় মহিলা সংস্থার অফিস রয়েছে।

৩. বাংলাদেশ শিশু একাডেমীঃ ৬৪ জেলা এবং ৬টি উপজেলায় বাংলাদেশ শিশু একাডেমীর অফিস রয়েছে।

৪. জয়িতা ফাউন্ডেশনঃ ঢাকার ধানমন্ডিতে রাপা প্লাজার ৪র্থ এবং ৫ম তলায় জয়িতা ফাউন্ডেশনের অফিস রয়েছে।

১.১৪ ২০১৬-২০১৭ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য অগ্রগতিঃ

১.১৪.১ নারী উন্নয়ন কার্যক্রমঃ

- ২০১৬-২০১৭ অর্থ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় দারিদ্র সীমার নীচে বসবাসকারী ১০ লক্ষ দুঃস্থ, দরিদ্র ও অসহায় নারীকে ভিজিডি সহায়তা প্রদান করা হয়েছে।
- ৫ লক্ষ দরিদ্র ও অসহায় নারীকে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয়েছে।
- ১.৮৩ লক্ষ কর্মজীবী নারীকে ল্যাকটেটিং ভাতা সহায়তা প্রদান করা হয়েছে।
- ১৫০০ জন দুঃস্থ শিশুকে অর্থ সহায়তা প্রদান করা হয়েছে।
- ১২ লক্ষ নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২৩,০০০ জন নারীকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হয়েছে।
- ওয়ানষ্টপ ক্রাইসিস সেল ও সেন্টার হতে ১০৫০০ জন নির্যাতিত নারীকে সহায়তা প্রদান করা হয়েছে।
- কর্মজীবী হোস্টেলের মাধ্যমে ২৩৮৪ জন কর্মজীবী মহিলাকে নিরাপদ আবাসনের ব্যবস্থা করা হয়েছে।
- ৭৩টি ডে-কেয়ার সেন্টারের মাধ্যমে প্রতি বছর প্রায় ৩০৫৩ জন শিশুকে সেবা প্রদান করা হয়েছে।
- ইইসিআর (EERC) প্রকল্পের আওতায় ২০টি জেলায় ৩০০০০ ঝুঁকিপূর্ণ শিশু ও কিশোরদের মাসিক মাথাপিছু ২০০০ টাকা করে নগদ আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।
- কিশোর-কিশোরীদের ক্ষমতায়নের জন্য ৫২৯ টি ক্লাব পরিচালনা করা হয়েছে।
- প্রতি বছর "জয়িতা অন্বেষণে" প্রতিযোগিতার মাধ্যমে প্রতি উপজেলায় ৫ ক্যাটাগরিতে ৫ জন নারীকে "জয়িতা" নির্বাচন ও পুরস্কৃত করা হয়।

১.১৪.২ শিশু উন্নয়ন কার্যক্রমঃ

- শিশুদের যোগ্য নাগরিক হিসেবে গড় তোলার অভিপ্রায়ে মানসিক ও সাংস্কৃতিক বিকাশসহ সুপ্ত প্রতিভার বিকাশ সাধনের লক্ষ্যে সরকার বহুবিধ উন্নয়ন কার্যক্রম পরিচালনা করছে।
- শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (ইএলসিডি) শীর্ষক প্রকল্পের মাধ্যমে গর্ভ থেকে পাঁচ বছর বয়সী শিশুদের পারস্পারিক ক্রিয়ামূলক যত্ন নিশ্চিতকরণসহ শিশু বিকাশের অনুকূল নিরাপদ পরিবেশ, বাড়ি, কমিউনিটি ও শিক্ষা কেন্দ্রে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমে শিশুদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে তাদের বুদ্ধিভিত্তিক, সামাজিক, ভাষাগত ও আবেগিক বিকাশ সাধনপূর্বক প্রাথমিক বিদ্যালয়ে পড়াশুনা করার উপযোগী করে গড়ে তোলা হয়েছে।
- এনাবলিং এনভায়রনমেন্ট ফর চাইল্ড রাইটস (ইইসিআর) শীর্ষক প্রকল্পের মাধ্যমে শিশুর অধিকার সুরক্ষার লক্ষ্যে সামাজিক মূল্যবোধসমূহ সমুন্নত রেখে সুশীল সমাজ ও সরকারের দক্ষতা বৃদ্ধিকল্পে কৌশলগত সুরক্ষা কার্যক্রম গ্রহণ এবং সমাজে শিশু নিপীড়ন, নির্যাতন, সহিংসতা ও শোষণ থেকে তাদের রক্ষা করে শিশুর স্বাভাবিক বিকাশের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা হবে। উক্ত প্রকল্পের আওতায় এ পর্যন্ত সারা দেশে নির্বাচিত ২০টি জেলায় ৪০,০০০ শিশুর মধ্যে ২,০০০ টাকা হিসাবে ১৮ মাস ব্যাপী ক্যাশ ট্রান্সফার কার্যক্রম চালু রয়েছে।
- এছাড়া, দেশে নির্বাচিত ২০টি জেলায় ১৫,০০০ জন কিশোর-কিশোরী (বয়স ১৪-১৮) এর মধ্যে প্রত্যেককে এককালীন ১৫,০০০ টাকা করে স্টাইপেন্ড প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।
- শিশু উন্নয়ন কর্মসূচির আওতায় প্রতিবছর ৪২টি কার্যক্রম বাস্তবায়িত হয়।
- শিশু বিকাশের প্রারম্ভিক শিক্ষা কর্মসূচির মাধ্যমে প্রতিকেন্দ্রে ৩০ জন জন (৪-৫ বয়সী শিশু) করে ২,১০৯ কেন্দ্রে Early Leaning Facilities এর মাধ্যমে শিশু বিকাশ এবং প্রাক-প্রাথমিক শিক্ষার সুযোগ প্রদান করা হয়।
- শিশুদেরকে অধিক হারে পাঠে মনোযোগী করে তোলার লক্ষ্যে ৫১টি শিশুতোষ গ্রন্থ প্রকাশ করা হয়েছে।
- শিশুদের জন্য একটি মাসিক "শিশু" প্রত্রিকা নিয়মিত প্রকাশিত হয়।
- এছাড়া ৫ খন্ডে "শিশু বিশ্বকোষ" প্রকাশ করা হয়েছে।

- বছরে প্রায় ৪ লক্ষ শিশু লাইব্রেরীতে বই পড়ার সুযোগ লাভ করে এবং লাইব্রেরীভিত্তিক প্রতিযোগিতায় প্রায় ১২,০০০ শিশু অংশগ্রহণ করে।
- সারাদেশে ৬টি শিশু বিকাশ কেন্দ্রের মাধ্যমে মোট ৭০০ জন দুঃস্থ ও অসহায় শিশুকে সামাজিক সম্পৃক্ততাসহ শিশুর অধিকার নিশ্চিত করার জন্য সার্বক্ষণিক সুবিধা প্রদান করা হয়ে থাকে।

১.১৫ নিয়োগ ও পদোন্নতিঃ

১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বর্ণিত অর্থ বছরে ১ জন কর্মকর্তা এবং ২ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

২। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রধান সহকারী-০১ জন, উচ্চমান সহকারী-০১ জন, হিসাবরক্ষণ-কাম-উচ্চমান সহকারী-২২ জন, হিসাবরক্ষক-০১ জন ও ষ্টোর কিপার -১৩ জন কর্মচারীদেরকে পদোন্নতি প্রদান করা হয়েছে। তাছাড়া সাঁট-লিপিকার -০১ জন, হিসাব সহকারী -০২ জন, সাঁট মুদ্রাক্ষরিক -০৩ জন কর্মচারীদেরকে নিয়োগ দেয়া হয়েছে।

৩। জাতীয় মহিলা সংস্থার অধীন ১জন কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়ঃ

মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যাঃ ০৩ (তিন) টি।

প্রতিবেদনাধীন বছরঃ ২০১৬-১৭

প্রতিবেদন প্রস্তুতির তারিখঃ ১০/১০/২০১৭

(২) প্রশাসনিক

২.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ	বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
মন্ত্রণালয়	১১৭	৭৮	৩৯	৩২	
মহিলা বিষয়ক অধিদপ্তর	৩৫৬৯	২৭৮০	৭৮৯	১১৫৭	৭৮৯টি শূন্য পদের মধ্যে উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরিত পদ, সৃজনকৃত পদ ও প্রেষণে পূরণযোগ্য পদ রয়েছে।
জাতীয় মহিলা সংস্থা	৫৯২	৪৯৫	৯৭	-	জাতীয় মহিলা সংস্থার পরিচালিত সমাপ্ত গ্রামীণ মহিলা উন্নয়ন প্রকল্পের ১২৭ জন জনবল রাজস্ব খাতে স্থানান্তরিত। অর্থ মন্ত্রণালয়ের শর্তসাপেক্ষে জনবল অবসর গ্রহণ/মৃত্যুতে সংশ্লিষ্ট পদসমূহ বিলুপ্ত হবে।
বাংলাদেশ শিশু একাডেমী	৪০৩	৩৩১	৭২	২৪৮	
মোট	**৪৬৮১**	**৩৬৮৪**	**৯৯৭**	**১৪৩৭**	

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

২.২ শূন্যপদের বিন্যাস

	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
	১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রণালয়	-	-	০৬	১০	১২	১১	৩৯
মহিলা বিষয়ক অধিদপ্তর	১	১৮	৫৩	৮০	৪৫৯	১৭৮	৭৮৯
জাতীয় মহিলা সংস্থা	-	-	০৪	৩২	৫৬	০৫	৯৭
বাংলাদেশ শিশু একাডেমী	-	-	১০	১	৩৯	২২	৭২
মোট	**১**	**১৮**	**৭৩**	**১২৩**	**৫৬৬**	**২১৬**	**৯৯৭**

২.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/ সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা।

২.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা

২.৫ অন্যান্য পদের তথ্য

প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা
১	২
-	-

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

২.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান (২০১৬-১৭)

	প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
	১	২	৩	১	২	৩	৭
মন্ত্রণালয়	১	১	২	-	-	-	
মহিলা বিষয়ক অধিদপ্তর	-	৩৮	৩৮	-	০৬	০৬	সাঁট-লিপিকার-০১ জন, হিসাব সহকারী-০২ জন, সাঁট মুদ্রাক্ষরিক-০৩ জন কর্মচারীদেরকে নিয়োগ দেয়া হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রধান সহকারী-০১ জন, উচ্চমান সহকারী-০১ জন, হিসাব রক্ষণ কাম উচ্চমান সহকারী -২২ জন, হিসাবরক্ষক-০১ জন ও ষ্টোর কিপার-১৩ জন কর্মচারীদেরকে পদোন্নতি প্রদান করা হয়েছে। পিএসসি এর সুপারিশের প্রেক্ষিতে ৩৫ জন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ০৪ জন প্রোগ্রাম অফিসার নিয়োগের নিমিত্তে প্রশাসনিক মন্ত্রণালয়ে হতে কর্মকর্তাদের স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশনের কার্যক্রম চলেছে।
জাতীয় মহিলা সংস্থা	-	-	-	-	০১	০১	-
বাংলাদেশ শিশু একাডেমী	-	-	-	-	-	-	-
মোট	**১**	**৩৯**	**৪০**	**-**	**০৭**	**০৭**	

২.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট সচিব	সচিব	মন্তব্য
১	২	৩	৪	৫
উন্নয়ন প্রকল্প পরিদর্শন	--	৭২ (বাহাত্তর) দিন	২৩ (তেইশ) দিন	--
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ	--	--	০১ (এক) দিন	--

২.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)	মন্ত্রী/উপদেষ্টা	প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট সচিব	সচিব	মন্তব্য
১	২	৩	৪	৫
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	--	৫২ (বায়ান্ন) দিন	৩২ (বত্রিশ) দিন	--

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

২.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যাঃ ০৪ (চার) টি।

(৩) অডিট আপত্তি

৩.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

ক্রমিক	মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম	অডিট আপত্তি		ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তি	
		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)		সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)	সংখ্যা	টাকার পরিমাণ (কোটি টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**							
	ক) রাজস্ব	৪৪	৫.৩৪	৩২	২৯	৩.৯৩	১৫	১.৪১
	খ) উন্নয়ন	৩৭	৮.৪৩	১৬	৫	১.৩৪	৩২	৭.০৯
২	**মহিলা বিষয়ক অধিদপ্তর**							
	ক) রাজস্ব	৬৫	৫৮.৪৫	৪৫	২৩	১.১৩	৪২	৫৭.৩২
	খ) উন্নয়ন	২২৬	২৭০.১১	১৯৮	২৮	৮.৭৮	১৯৯৮	২৬১.৩৩
৩	**জাতীয় মহিলা সংস্থা**							
	ক) রাজস্ব	২৪	৩.২৪	১৯	৪	১.০৯	২০	২.১৫
	খ) উন্নয়ন	৪৯	১৬.৪৭	৩২	২	০.০৩	৪৭	১৬.৪৪
৪	**বাংলাদেশ শিশু একাডেমী**							
	ক) রাজস্ব	৪৪৯	১১.৩২	১৯৬	৭৩	০.৮২	৩৭৬	১০.৫
	খ) উন্নয়ন	০	০	০	০	০	০	০
মোট	**ক) রাজস্ব**	**৫৮২**	**৭৮.৩৫**	**২৯২**	**১২৯**	**৬.৯৭**	**৪৫৩**	**৭১.৩৮**
	খ) উন্নয়ন	**৩১১**	**২৯৫.০১**	**২৪৬**	**৩৪**	**১০.১৫**	**২৭৭**	**২৮৪.৮৬**

৩.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা

ক্র নং	নিরীক্ষার সাল	অনুচ্ছেদ নং	আপত্তির সংক্ষিপ্ত বিবরণ	জড়িত টাকার পরিমান	বর্তমান অবস্থা
১.	২০০৭-০৮	০২	পি,এস,সি কর্তৃক গেজেটেড পদে নিয়মিতকরণ না করা সত্ত্বেও বেতন ভাতাদি বাবদ ৪,৭৪,৫১৮/৩০ টাকা গ্রহণে রাজস্ব ক্ষতি ।	৪,৭৪,৫১৮.৩০	আপত্তি বিষয়ে হাইকোর্টে মামলা চলমান রয়েছে। মামলার রায়ের কপি প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।
২.	২০১০-১২	০৩	পরামর্শক ও অন্যান্য খাতের বিল হইতে আয়কর কম কর্তন (জয়িতা কর্মসূচী)।	১,৯০,১০২.০০	অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন।
৩.	২০১২-১৩	০১	সরকার নির্ধারিত হার অপেক্ষা কম হারে এবং কোন কোন ক্ষেত্রে আয়কর কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি।	৪,৫৫,১৫১.৯০	ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী আপত্তিটির আংশিক নিষ্পত্তি হয়েছে। বাকী অংশ অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন।
৪.	২০১২-১৩	০২	সরকার নির্ধারিত হার অপেক্ষা কম হারে এবং কোন কোন ক্ষেত্রে ভ্যাট কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি।	১,৬৩,৪২০.০০	ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী আপত্তিটির আংশিক নিষ্পত্তি হয়েছে। বাকী অংশ অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন।
৫.	২০১২-১৩	০৫	সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ না দিয়ে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ দেওয়ায় সরকারের রাজস্ব ক্ষতি।	৩৮,০৩,৫১৮.০০	অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন।
৬.	২০১৫-১৬	০৫	প্রাপ্যতার অতিরিক্ত জ্বালানী বাবদ ব্যয় ৪,২৯,৩৬২.০০ টাকা।	৪,২৯,৩৬২.০০	অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন।
৭.	২০১৫-১৬	১১	খেলাপি ঋণের অর্থ আদায় না করায় সংস্থার আর্থিক ক্ষতি ১৯,৪৮,৫৯,০০০.০০ টাকা।	১৯,৪৮,৫৯,০০০.০	অডিট অধিদপ্তরের মন্তব্য অনুযায়ী ত্রি-পক্ষীয় সভায় উপস্থাপনের বিষয়টি প্রক্রিয়াধীন।
৮.			বাংলাদেশ শিশু একাডেমীর বিক্রয়কর্মী, জনাব অভিরাম নন্দীর বিরুদ্ধে বই পত্রিকা বিক্রয়ের ৪,৭৪,৫৭১.৫৫ (চার লক্ষ চুয়াত্তর হাজার পাঁচশত একাত্তর টাকা পঞ্চান্ন পয়সা) টাকা আত্মসাৎ-এর দায়ে দূর্নীতি দমন অফিসে মামলা করা হয়েছে।	৪,৭৪,৫৭১.৫৫	মামলাটি আদালতে প্রক্রিয়াধীন রয়েছে।

৩.৩ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম সংক্রান্ত বিবরণঃ

২০১৬-১৭ অর্থ বছরে মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার মোট অডিট আপত্তির সংখ্যা ৮৯৩টি এবং জড়িত অর্থের পরিমাণ ৩৭৩.৩৬ কোটি টাকা। এর মধ্যে ২০১৬-১৭ অর্থ বছরে ১৬৩টি আপত্তি নিষ্পত্তি করে ১৭.১২ কোটি টাকা আদায় করা হয়েছে। বাকি ৭৩০টি অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া ২০০৭-০৮ অর্থ বছর হতে এ পর্যন্ত ৮টি গুরুতর অর্থ আত্মসাৎ ও অনিয়ম সংক্রান্ত অডিট আপত্তির মধ্যে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক গেজেটেড পদে নিয়মিত না করা সত্ত্বেও বেতন ভাতাদি গ্রহণ বাবদ রাজস্ব ক্ষতি ৪,৭৪,৫,১৮.৩০ টাকা, বিবেচ্য বিষয়ে হাইকোর্টে মামলা চলমান রয়েছে। জয়িতা কর্মসূচিতে পরামর্শক ও অন্যান্য খাতের বিল হতে ১,৯০,১০২.০০ টাকা আয়কর কম কর্তন বিষয়ক আপত্তির মধ্যে ১,২৬,২৭৪.০০ টাকা ইতোমধ্যে আদায় করা হয়েছে। সরকার নির্ধারিত হার অপেক্ষা কম হারে এবং কোন কোন ক্ষেত্রে আয়কর কর্তন না করায় সরকারের ৩৮,০৩,৫১৮.০০ টাকা রাজস্ব ক্ষতি বিষয়ক আপত্তির মধ্যে ৪১,৮০৫.৫০ টাকা চালানের মাধ্যমে রাজস্ব খাতে জমা প্রদান করা হয়েছে। অবশিষ্ট টাকার আদায়/প্রমাণক সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সরকারের নির্ধারিত হার অপেক্ষা কম হারে এবং কোন কোন ক্ষেত্রে ভ্যাট কর্তন না করায় সরকারের ১,৬৩,৪০২.০০ টাকা রাজস্ব ক্ষতি বিষয়ক আপত্তির মধ্যে ২৮,১২৫.০০ টাকা চালানের মাধ্যমে রাজস্ব খাতে জমা প্রদান করা হয়েছে। সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ না দিয়ে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ দেওয়ায় সরকারের ৩৮,০৩,৫১৮.০০ টাকা রাজস্ব ক্ষতি বিষয়ক আপত্তিটি প্রমাণকের আলোকে নিষ্পত্তির জন্য পুনরায় ব্রডশীট জবাব প্রেরণের ব্যবস্থা নেয়া হচ্ছে। খেলাপি ঋণ আদায় না করায় সংস্থায় ১৯,৪৮,৫৯,০০০.০০ টাকা আর্থিক ক্ষতি বিষয়ক আপত্তির মধ্যে ২০১৬-১৭ অর্থবছরে প্রায় ৩২.৬২ লক্ষ টাকা আদায় করা হয়েছে এবং আদায় প্রক্রিয়া চলমান রয়েছে। বাংলাদেশ শিশু একাডেমীর বিক্রয়কর্মী, জনাব অভিরাম নন্দীর বিরুদ্ধে বই পত্রিকা বিক্রয়ের ৪,৭৪,৫৭১.৫৫ টাকা আত্মসাৎ মামলার রায়ে ২বছরের কারাদন্ডসহ ৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।

(৪) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরিচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দণ্ড	মোট	
১	২	৩	৪	৫	৬
০৮টি	০১টি	-	৪টি	৫টি	৩টি

(৫) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
১	২	৩	৪	৫
-	৪	০১	০৫	-

(৬) মানব সম্পদ উন্নয়ন

৬.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা
১	২
৮২টি	৩২,৫৭১ জন

৬.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা

	প্রশিক্ষণ কর্মসূচী	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	কর্মকর্তাদের এসডিজি বাস্তবায়নে সক্ষমতা সৃষ্টি (৭দিন)	২০ জন
	কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইলিং প্রশিক্ষণ	৫৯জন
	ই-টেন্ডারিং পদ্ধতি সংক্রান্ত প্রশিক্ষণ	২৭ জন
	কর্মচারিদের ৬০ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ	৩২ জন
প্রধান কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা	মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা ও উপজেলা কর্মকর্তাদের ই-ফাইলিং প্রশিক্ষণ।	১৮০ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা ও উপজেলা কর্মকর্তাদের আধুনিক অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ।	১৪৩ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা ও উপজেলা কর্মকর্তাদের আইন বিষয়ক প্রশিক্ষণ।	৪৮ জন
	প্রধান কার্যালয়ের ৩য় শ্রেণীর কর্মচারীদের কম্পিউটার প্রশিক্ষণ	২২ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক ব্যবস্থাপনা ও পিপিআর প্রশিক্ষণ	৯২ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাদের ফায়ার ফাইটিং প্রশিক্ষন	৮০ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাদের মনোসামাজিক কাউন্সিলিং প্রশিক্ষন	১৪৫ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাদের ইংরেজি ভাষা প্রশিক্ষণ	৬৬ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মচারীদের কম্পিউটার প্রশিক্ষণ	৩১৫ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মচারীদের স্টাফ উন্নয়ন প্রশিক্ষণ	৫০ জন
	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মচারীদের দিবাযত্ন সেবা প্রশিক্ষণ।	৫০ জন
	জেলা ও উপজেলায় ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ	৭৪ জন
জাতীয় মহিলা সংস্থা	নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ	২৯ জন
	অফিস ব্যবস্থাপনা প্রশিক্ষণ	১৫০ জন
	ই-ফাইলিং প্রশিক্ষণ	২৫ জন
বাংলাদেশ শিশু একাডেমী	লাইব্রেরী অটোমেশন ও ডিজিটাইজেশন এর উপর বাংলাদেশ শিশু একাডেমীর ৬৪ জেলা শাখার লাইব্রেরিয়ান কাম মিউজিয়াম কিপারদের প্রশিক্ষণ	৬৪ জন
	ডিজিটাল নথি ব্যবস্থাপনার উপর কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ	২০ জন
	মোট	১৬৯১ জন

মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৬-১৭) কোন ইন-হাউজ প্রশিক্ষণের অংশগ্রহণকারীর সংখ্যা

৬.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা

- অনেক প্রশিক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়সীমার মধ্যে আয়োজক সংস্থায় মনোনয়ন প্রেরণ কষ্টসাধ্য হয়ে পড়ে। ক্ষেত্রবিশেষে বিলম্বও হয়ে যায়।
- ২য় শ্রেণীর কর্তকাগণের দেশে/বিদেশের প্রশিক্ষণের সুযোগ সীমিত।
- প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়নের কাজ চলমান আছে।

৬.৪ মন্ত্রণালয়ে অন্ দ্যা জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্যা-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না?

মন্ত্রণালয় কর্তৃক সরাসরি অন্ দ্যা জব ট্রেনিং (OJT) আয়োজনের সুযোগ কম। তবে বিভিন্ন প্রশিক্ষণ একাডেমী হতে মনোনয়ন চাইলে কর্মকর্তা/কর্মচারীদের সুযোগ দেয়া হয়। ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ফি আদায়ের মাধ্যমেও তা করা হয়ে থাকে।

৬.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যাঃ ৬৪ জন।

(৭) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

	দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	১৩টি	১১২৪ জন
মহিলা বিষয়ক অধিদপ্তর	১৭টি	২৫৭৩ জন
জাতীয় মহিলা সংস্থা	০৯টি	১৪০৪ জন
বাংলাদেশ শিশু একাডেমী	৬টি	২৩৩৬জন
সর্বমোট	**৪৬টি**	**৭,৪৩৭ জন**





(৮) তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না	মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা	
					কর্মকর্তা	কর্মচারি
মন্ত্রণালয়	৬৫ টি	হ্যাঁ	না	না	৫৩ জন	২৮ জন
মহিলা বিষয়ক অধিদপ্তর	৪০টি	হ্যাঁ	হ্যাঁ	হ্যাঁ	৬৭ জন	২৪৮ জন
জাতীয় মহিলা সংস্থা	১১৪টি	হ্যাঁ	না	না	৮২ জন	১৩২ জন
বাংলাদেশ শিশু একাডেমী	১৩৪টি	হ্যাঁ	না	না	৭৫ জন	১৪২ জন
মোট=	**৩৫৩টি**	--	--	--	**২৭৭ জন**	**৫৫০ জন**







(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকাঃ

- 'বাল্যবিবাহ নিরোধ আইন-২০১৭' (২০১৭ সানের ০৬ নং আইন) গত ১১ মার্চ ২০১৭ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।
- যৌতুক নিরোধ আইন, ২০১৭ এর খসড়া ৩০/০১/২০১৭ তারিখে মন্ত্রিসভা কর্তৃক নীতিগত অনুমোদন দেয়া হয়েছে। মন্ত্রিসভার পর্যবেক্ষণ এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক আইনের খসড়ার কয়েকটি ধারায় অস্পষ্টতা ও অসংগতি দূর করে পুনরায় খসড়া করা হয়েছে। শীঘ্রই ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হবে।
- 'বাংলাদেশ শিশু একাডেমী আইন, ২০১৭' এ কতিপয় নতুন ধারা সন্নিবেশের বিষয়ে মতামতের জন্য পুনরায় অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- 'শিশু দিবাযত্ন কেন্দ্র আইন-২০১৭' শীর্ষক আইন প্রণয়নের লক্ষ্যে মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে গত ১৩/০৬/২০১৭ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তুতকৃত খসড়া আইনের উপর মন্ত্রণালয়সহ অধীনস্থ দপ্তর/সংস্থার মতামত চাওয়া হয়েছে।
- শিশুদের জন্য একটি স্বাধীন ও নিরপেক্ষ 'জাতীয় শিশু অধিকার কমিশন' গঠনের জন্য 'জাতীয় শিশু অধিকার কমিশন আইন-২০১৭'র খসড়া প্রণয়ন করা হয়েছে। প্রণীত খসড়ার উপর ইতোমধ্যে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। আইনের খসড়া চূড়ান্তকরণের জন্য কমিটি কাজ করছে।
- ২০১৭ সাল থেকে ২জনের পরিবর্তে ৫জন মহিলাকে পদক প্রদানের সিদ্ধান্ত সম্বলিত "বেগম রোকেয়া পদক নীতিমালা-২০১৭" হালনাগাদ করে নতুনভাবে জারি করা হয়েছে।
- পথশিশু পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন এবং পুনর্বাসন কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০১৬ প্রণয়নপূর্বক জারি করা হয়েছে।
- জয়িতা সৃজনে 'জয়িতা ফাউন্ডেশন নীতিমালা-২০১৬' প্রণয়নপূর্বক জারি করা হয়েছে।
- দপ্তর/সংস্থা কর্তৃক পরিচালিত শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহ সমন্বিতভাবে পরিচালনাকল্পে 'শিশু দিবাযত্ন কেন্দ্র ব্যবস্থাপনা নীতিমালা-২০১৭' প্রণয়ন করার পর চূড়ান্তকরণের কার্যক্রম চলছে।

- বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৭ (খসড়া) প্রণয়ন করা হয়েছে। একই সাথে মন্ত্রণালয় থেকে বাল্যবিবাহ নিরোধকল্পে জাতীয় কর্মপরিকল্পনা (২০১৭-২০৩০) চূড়ান্তকরণের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে।
- জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১ বাস্তবায়নকল্পে এর আওতায় কর্মপরিকল্পনা সংশোধন/পুনঃনির্ধারণের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে কমিটি গঠন করা হয়েছে এবং কর্মপরিকল্পনা হালনাগাদ করা হচ্ছে।

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

- মন্ত্রণালয়ের সকল শাখায় ই-ফাইলিং কার্যক্রম শুরু হয়েছে এবং প্রতি মাসের সমন্বয় সভায় বিষয়টি ফলোআপ করা হচ্ছে।
- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে টোল ফ্রি হেল্প লাইন ১০৯২১ নম্বরটি ১লা মার্চ ২০১৭ তারিখ হতে দ্রুত যোগাযোগের জন্য জরুরি সেবা সার্ভিস হিসেবে তিন ডিজিটের নম্বর ১০৯ এ রুপান্তর করা হয়েছে।
- গত ১৩/০৬/২০১৭ তারিখে মন্ত্রণালয়ের সাথে অধীনস্থ দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং এরই ধারাবাহিকতায় গত ০৬/০৭/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়েছে।
- ৩০ মে ২০১৭ খ্রিঃ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাছিমা বেগম এনডিসি এবং বাংলাদেশে নিযুক্ত ডেনমার্কের মান্যবর রাষ্ট্রদূত Mikael Hemniti Winther নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের উপর সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। উক্ত স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি, এমপি।
- ৪৬টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে ৩৮টি মন্ত্রণালয়/বিভাগে ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়।
- নারীর ক্ষমতায়ন কার্যক্রম হিসাবে 'জয়িতা ফাউন্ডেশন'কে ব্র্যান্ডিংকরণে জয়িতা ফাউন্ডেশনের 'জয়িতা সৃজনে জয়িতা' নীতিমালা-২০১৬ অনুমোদিত হয়।
- শেখ হাসিনার বিশেষ উদ্যোগ 'নারী ক্ষমতায়নে কার্যক্রমসমূহ এবং ব্রান্ডিং কার্যক্রম বাস্তবায়নে নিম্নবর্ণিত অনুমোদিত শ্লোগানটি বিভিন্ন ক্ষেত্রে নিয়মিত ব্যবহৃত হচ্ছে;

"শেখ হাসিনার বারতা, নারী-পুরুষ সমতা"

- সমাজের সকল বাধা বিপত্তি অতিক্রম করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীর জন্য ২০১৬-১৭ অর্থ বছরে দেশব্যাপী "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রমের আওতায় সমাজের বিভিন্ন ক্ষেত্রের ৫ জন নারীকে জয়িতা চিহ্নিত করে নির্বাচন ও পুরস্কার প্রদান করা হয়েছে।
- নারীর প্রতি বিশেষ অগ্রাধিকার প্রদানের মাধ্যমে তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তাদের জন্য ব্যবসা অনুকূল পরিবেশ সৃজন এবং অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণার্থে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় 'জয়িতা ফাউন্ডেশন' এর কার্যক্রম বিস্তৃত হয়েছে। গত ৯ মার্চ, ২০১৭ তারিখে জাতীয় সংসদে জয়িতার ব্রান্ডে একটি ক্যাফেটেরিয়া চালু করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে 'জয়িতা ব্রিজিং কর্মসূচি (২য় পর্যায়)', 'জয়িতা-র পণ্যের বৈচিত্রকরণ ও মনোন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি' এবং 'জয়িতা-র খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ' নামে ৩টি কর্মসূচি গ্রহণ করা হয়েছে।
- ২০১৬-১৭ অর্থ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে ৫ লক্ষ নারীকে মাতৃত্বকাল ভাতা, ১,৮০,৩০০ জন কর্মজীবী নারীকে ল্যাকটেটিং ভাতা এবং ১০ লক্ষ দরিদ্র নারীকে ভিজিডি সহায়তা প্রদান করা হয়। ৩,৪১৬ জন নির্যাতিত নারী ও শিশুকে ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার থেকে সহায়তা প্রদান করা হয়। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় 'কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন' প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়। কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের আবাসনের জন্য বড় আশুলিয়া, সাভার, ঢাকায় হোস্টেল নির্মাণকাজ সমাপ্ত হয়। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ২০১৬-১৭ অর্থবছরে ১১,৮০৯ জন উপকারভোগীকে ১৪.৬৯৯২ কোটি টাকা বিতরণ করা হয়। দুঃস্থ ও অসহায় মহিলাদের স্বাবলম্বী হিসাবে গড়ে তোলার লক্ষ্যে ২.০০ কোটি টাকায় মোট ২,১৭৯টি সেলাই মেশিন বিতরণ করা হয় এবং ১১.৪৫ কোটি টাকায় ১৬,৬৫৩ জন বেকার মহিলাকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়।
- মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে ৫,৯৪৮ জন উপকারভোগীকে ৭.২৯৯২ কোটি টাকা, জাতীয় মহিলা সংস্থার মাধ্যমে ৫,৮৬১ জন উপকারভোগীকে ৭.৪০ কোটি টাকা এবং বাংলাদেশ মহিলা কল্যাণ পরিষদ (বামকপ) এর মাধ্যমে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধনকৃত ৪,৩৪৮টি সমিতির মধ্যে ৮.৩৭৮০ কোটি টাকা অনুদান বিতরণ করা হয়।

- মহিলাদের অর্থনৈতিক সক্ষমতা সৃষ্টির জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২টি উল্লেখযোগ্য উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়। সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) একনেক কর্তৃক অনুমোদিত হয়। এ ছাড়া সকল উপজেলায় মহিলাদের আয়বর্ধনের জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের উদ্দেশ্যে 'Income Generating Activities (IGA) Training of Women at Upazila level' শীর্ষক ২৫০.৫৬২২ কোটি টাকার প্রকল্প ২০১৭-১৯ মেয়াদে অনুমোদিত হয়।
- কিশোর প্রজন্মকে দক্ষ, সচেতন করে তোলার লক্ষ্যে ২০১৭-১৮ অর্থ বছরে 'কিশোর-কিশোরী ক্লাব প্রকল্প' এর আওতায় সারা দেশের সকল ইউনিয়নে ৪৮৮৩টি কিশোর-কিশোরী ক্লাব গঠন করা হবে। ২০১১ সাল থেকে ৭টি জেলায় কিশোর-কিশোরীদের জীবন দক্ষতা বৃদ্ধি, অধিকার প্রতিষ্ঠা, জেন্ডার সমতাভিত্তিক সমাজ বিনির্মাণ, বাল্যবিবাহ ও যৌন হয়রানি রোধকল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে 'ক্লাবে সংগঠিত করে সমাজের ইতিবাচক পরিবর্তনে কিশোর-কিশোরীদের ক্ষমতায়ন শীর্ষক' কর্মসূচি চালু রয়েছে।
- দেশের ৬৪টি জেলায় 'জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (৬৪ জেলা)' শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে এবং এ খাতে ২০১৬-১৭ অর্থ বছরে বরাদ্দকৃত ১১.৪৫ কোটি টাকা থেকে ১৬,৬৫৩ জন বেকার মহিলাকে কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়। অসহায় মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ দানের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়সহ ৬৪টি জেলায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে মোমবাতি ও কাগজের প্যাকেট তৈরি, বিউটিফিকেশন, খাদ্য প্রক্রিয়াজাতকরণ, মোবাইল ফোন সার্ভিসিং ইত্যাদি দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি চালু রয়েছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন ৬টি স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্রসহ নতুন চালুকৃত গ্রামীণ মহিলাদের কৃষি প্রশিক্ষণভিত্তিক প্রশিক্ষণকেন্দ্র জিরানী, গাজীপুর এর মাধ্যমে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। কর্মজীবী মায়েদের সন্তানদের নিরাপদ দিবাকালীন সেবা ও প্রাক-প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে ২০১৬-১৭ অর্থ বৎসরে ২৬৪০ শিশুকে সেবাদান করা হয়েছে।



চিত্রঃ দেশের ৬৪টি জেলায় 'জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (৬৪ জেলা)' শীর্ষক প্রকল্পের অধীনে কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণরত যুব মহিলাগণ।

- ২০১৬-১৭ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৫৭.০২ কোটি টাকা। ব্যয়িত অর্থের পরিমাণ ১২২.১৫৯৩ কোটি টাকা এবং ব্যয়িত অর্থের শতকরা হার ৭৭.৮ শতাংশ। ২০১৬-১৭ অর্থ বছরে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামোর মধ্যে (১) কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের আবাসনের জন্য হোস্টেল নির্মাণ, বড় আশুলিয়া, সাভার, ঢাকা প্রকল্প এবং (২) বাংলাদেশ শিশু একাডেমী ৬টি জেলা শাখা কমপ্লেক্স নির্মাণ উল্লেখযোগ্য। এ ছাড়াও (১) সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াইহাজার ও মঠবাড়ীয়া উপজেলায় ট্রেনিং সেন্টার ও হোস্টেল নির্মাণ, (২) পঞ্চাশ শয্যা বিশিষ্ট মহিলা ও শিশু ডায়াবেটিস, এন্ডোক্রিন ও মেটাবলিক হাসপাতাল স্থাপন, উত্তরা, ঢাকা, (৩) ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে নার্সেস হোস্টেল স্থাপন ও (৪) গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন শীর্ষক ৪টি প্রকল্পের নির্মাণ কাজও প্রায় সমাপ্তির পর্যায়ে রয়েছে।
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নারী ও শিশু নির্যাতন দূরীকরণে বিবিধ কার্যক্রম পরিচালনা করছে। নারী নির্যাতন প্রতিরোধকল্পে নির্যাতিত নারীদের সহায়তা প্রদানের জন্য বিভাগীয় শহর ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল ও সিলেটে ৬টি শেল্টার হোমের মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে ১০০০ জনকে আইনি সহায়তা এবং ৩২৫ জনকে খাদ্য, বস্ত্র ও চিকিৎসা সহায়তা প্রদান করা হয়। নারীর প্রতি সহিংসতা প্রতিরোধকল্পে ৮টি মেডিকেল কলেজ হাসপাতালে One-Stop Crisis Centre (OCC) থেকে মোট ৩৪১৬ জন নির্যাতিত নারী ও শিশুকে স্বাস্থ্যসেবা, পুলিশি ও আইনী সহায়তা প্রদান করা হয়। জেলা পর্যায়ে ৪০টি এবং উপজেলা পর্যায়ে ২০টি One-Stop Crisis Cell থেকে এ অর্থ বছরে ৮৫১৪ জন নির্যাতিত নারী ও শিশুকে চিকিৎসা পরবর্তী পুনর্বাসন কার্যক্রম হিসাবে মনোসামাজিক কাউন্সেলিংসহ আইনি ও আবাসন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। নির্যাতনের শিকার নারী ও শিশুদের জন্য

মনোসামাজিক কাউন্সেলিং সহায়তার লক্ষ্যে ৯১ জন নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সেলিং সেবা এবং ১২৭৫টি কাউন্সেলিং সেশন প্রদান করা হয়। টোল ফ্রি হেল্পলাইন (১০৯) সেন্টারে মোট ২,২৬,২৬৩টি ফোন গ্রহণ করা হয়। নির্যাতনের শিকার নারী ও শিশু ভিকটিমের অবস্থান নিকটস্থ থানায় জানানোর জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে মোবাইল অ্যাপস 'জয়' তৈরি করা হয়।

- নির্যাতিত নারীদের দ্রুত ও ন্যায় বিচার নিশ্চিত করতে ঢাকায় ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরিসহ ৭টি মেডিকেল কলেজ হাসপাতালে জুলাই ২০১৬ হতে জুন ২০১৭ পর্যন্ত মোট ৪৩৪ টি মামলার প্রেক্ষিতে ১৩০৬ টি নমুনার ডিএনএ পরীক্ষা সম্পন্ন হয়েছে। ডিএনএ আইনের উদ্দেশ্য পূরণকল্পে 'ডিএনএ ল্যাবরেটরি ব্যবস্থাপনা অধিদপ্তর' গঠনের কার্যক্রম চলমান রয়েছে।
- দেশের শিশুর অধিকার, বিকাশ ও সুরক্ষা নিশ্চিতকল্পে পৃথকভাবে অধিদপ্তর প্রতিষ্ঠার কার্যক্রমের অংশ হিসেবে গত অর্থ বছরে এ অধিদপ্তর গঠনের বিষয়ে একাধিক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে কোর কমিটি ইতোমধ্যে সম্পৃক্ত মন্ত্রণালয় ও অংশীজনের সাথে পর্যালোচনা করে অধিদপ্তরের প্রস্তাবিত কার্যাবলি এবং অর্গানোগ্রাম প্রস্তুত করেছে।
- শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের লক্ষ্যে শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা (দ্বিতীয় পর্যায়) প্রকল্পটি জানুয়ারি ২০১৪ হতে ডিসেম্বর ২০১৭ মেয়াদে ৬৩.৬৯৫৩ কোটি টাকা ব্যয়ে সংশোধিত হয়। 'শিশুর প্রারম্ভিক যত্ন ও বিকাশের সমন্বিত নীতি-২০১৩' বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং শিশুর প্রারম্ভিক শিখন ও বিকাশের আদর্শিক মান (ELDS) ডকুমেন্ট যৌক্তিকিকরণ শেষে চূড়ান্তকরণের লক্ষ্যে প্রকল্পটি কাজ করছে। এই প্রকল্পের আওতায় ২০১৭ সালে ১২৭৫টি কেন্দ্রের মাধ্যমে ৮টি জেলা এবং ১০টি কেন্দ্রীয় কারাগার, ২টি যৌন পল্লী এবং কুড়িগ্রাম ছিটমহল এলাকায় অনগ্রসর ও সুবিধাবঞ্চিত শিশুদের জন্য কার্যক্রম পরিচালিত হচ্ছে। গার্মেন্টস এলাকার শিশুদের জন্য ২০টি ডে-কেয়ার সেন্টার, অন্যান্য জেলার সুবিধাবঞ্চিত শিশুদের ৫১৫টি শিশু বিকাশ কেন্দ্র এবং ৭৪০টি প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র চলমান রয়েছে। এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ৬৩টি, জাতীয় মহিলা সংস্থায় আরও ১১টি ডে-কেয়ার সেন্টার পরিচালিত হচ্ছে।

চিত্রঃ ডে-কেয়ার সেন্টারের মাধ্যমে শিশুদেরকে বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে।

- শিশুদের অধিকার এবং শারীরীক-মানসিক ও সৃজনশীল প্রতিভা বিকাশের লক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক তৃণমূলপর্যায় থেকে কেন্দ্র পর্যন্ত বাছাই করে 'জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা-২০১৭' আয়োজন করা হয়। এ বছর 'বঙ্গবন্ধুকে জানো, বাংলাদেশকে জানো' শীর্ষক প্রতিযোগিতার পর্ব রাখা হয়। সারাদেশে মোট ২,৩৫,৩২৯ জন শিশু প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করে এবং ২১২ জনকে পুরস্কার প্রদান করা হয়। ১৮মে ২০১৭ তারিখে বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন।

- বাংলাদেশ শিশু একাডেমীর মাধ্যমে পরিচালিত ৬টি 'শিশু বিকাশ কেন্দ্রে' দুঃস্থ ও সুবিধাবঞ্চিত অসহায় শিশুকে খাবার ও বাসস্থানসহ লেখা-পড়া ও চিকিৎসা সেবা প্রদান করে পুনর্বাসন করা হচ্ছে। এছাড়া, বাংলাদেশ শিশু একাডেমীর কেন্দ্রীয় কার্যালয়ে প্রতিবন্ধী কন্যাশিশুসহ শিশুদের কল্যাণে "স্বপ্নরাঙা" নামে চিত্রাংকন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

- Enabling Environment for Child Right (EECR) শীর্ষক প্রকল্পের আওতায় কন্যাশিশুসহ পথশিশু, ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশু, বিদ্যালয় হতে ঝরে পড়া শিশু ও প্রতিবন্ধী শিশুদের কল্যাণে ২০১৬-১৭ অর্থ বছরে ৫,৩৩০ জন শিশুকে শর্তযুক্ত অর্থ সহায়তা (CCT) বাবদ ৬,৩৯,৬০,০০০ টাকা, ৪৯২ জন কিশোর-কিশোরীকে স্টাইপেন্ড বাবদ ৭৩,৮০,০০০ টাকা দেয়া হয়েছে এবং ১৫,০০০ জন শিশুকে নিরাপদ সাঁতার প্রশিক্ষণ দেয়া হয়েছে।

- বাংলাদেশের শিশুদের মাধ্যমে সংস্কৃতি বিনিময়ের উদ্দেশ্যে গত এপ্রিল ২০১৭ সালে ১৪ জন শিশু তুরস্কের নেভাশিহির শহরে ৩৯তম টিআরটি ইন্টারন্যাশনাল ড্যান্স ফেসটিভেলে যোগদান করে।

৯.৩ গুরুত্বপূর্ণ দিবস উদযাপনঃ

- ১৭ মার্চ, ২০১৭ খ্রিঃ তারিখ সারা দেশ ব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস ২০১৭ আনন্দঘন পরিবেশে উদযাপন করা হয়। দিবস উপলক্ষ্যে "বঙ্গবন্ধুর জন্মদিন বাংলাদেশের খুশির দিন" প্রতিপাদ্য নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি সম্বলিত একটি স্মারক ডাকটিকিট ও উদ্বোধনী খাম এবং বিশেষ সিলমোহর বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে প্রকাশ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উক্ত দিবসে গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় স্মারক ডাকটিকিটটি অবমুক্ত করেন। এছাড়া এ দিবস উপলক্ষে বাংলাদেশ শিশু একাডেমী চত্বরে ১১দিন ব্যাপী বইমেলা আয়োজন করা হয়।

- "নারী-পুরুষ সমতায় উন্নয়নের যাত্রা, বদলে যাবে বিশ্ব, কর্মে নতুন মাত্রা" প্রতিপাদ্য নিয়ে গত ৮/০৩/২০১৭ খ্রিঃ তারিখে 'আন্তর্জাতিক নারী দিবস-২০১৭' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে।

- নারী জাগরণের অগ্রদূত বেগম রোকেয়ার অবদান চিরস্মরণীয় করা এবং এ থেকে নারীদের অনুপ্রাণিত করার উদ্দেশ্যে গত ৯ ডিসেম্বর ২০১৬ তারিখ বেগম রোকেয়া দিবসে বেগম আরমা দত্ত-কে নারী অধিকার ও আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে এবং বেগম নুরজাহান-কে নারীদের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে অবদান রাখার জন্য 'বেগম রোকেয়া পদক' প্রদান করা হয়েছে।

- প্রতিবছর ২৯ সেপ্টেম্বর থেকে ৫ অক্টোবর সারা দেশেব্যাপী 'শিশু অধিকার সপ্তাহ' এবং অক্টোবর মাসের প্রথম সোমবার 'বিশ্ব শিশু দিবস' পালিত হয়ে থাকে। গত ৩ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ শিশু একাডেমী মিলনায়তনে আয়োজিত 'বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ-২০১৬' এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। দিবস উপলক্ষ্যে শিশু সমাবেশ, আলোচনা, বাল্যবিবাহ নিরোধ বিষয়ক মানববন্ধন, সুবিধাবঞ্চিত শিশুদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাংকন প্রতিযোগিতা, শিশুতোষ চলচিত্র প্রদর্শন, লিফলেট, বুকলেট, পোষ্টার ও ক্রোড়পত্র প্রকাশ, খেলাধুলা ইত্যাদি আয়োজন করা হয়।

- ১৫ আগস্ট ২০১৬ তারিখে স্বাধীনতার মহান স্থাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১তম শহাদাৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে পালন করা হয়। জাতীয় কর্মসূচির সাথে সমাঞ্জস্য রেখে মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থা/একাডেমী বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক ও শ্রদ্ধাঞ্জলি অর্পণ, জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, কোরআন খানি, ফাতেহা পাঠ, দোয়া মাহফিল এবং আলোচনা সভার আয়োজন করেছে। জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি বাস্তবায়ন করেছে।

- ৮ আগষ্ট, ২০১৬ বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব-এর ৮৬তম জন্ম বার্ষিকী জাতীয়ভাবে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। উক্ত দিবসের অনুষ্ঠানে শেখ ফজিলাতুন নেছা মুজিব এর জীবন সম্পর্কে একটি ডকুমেন্টরী ফিল্ম প্রদর্শন করা হয়। উক্ত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

- ১৮ অক্টোবর ২০১৬ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্মদিন উদযাপন উপলক্ষে সারা দেশব্যাপী জেলা ও উপজেলায় শিশুতোষ চলচ্চিত্র ও আলোকচিত্র প্রদর্শনীসহ আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

- বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্ম ও মৃত্যু বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমীতে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিবর্গ ছাড়াও বিপুল সংখ্যক শিশু ও অভিভাবকের সমাগম হয়।

- এছাড়া, ১১ মে, ২০১৭ মা দিবস উদযাপন, ২৯ সেপ্টেম্বর, ২০১৬ বাল্য বিবাহ প্রতিরোধ দিবস পালন, ৩ অক্টোবর, ২০১৬ কন্যাশিশু দিবস উদযাপন ২০১৬, ২৮ অক্টোবর, ২০১৬ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এর জন্ম দিবস পালন করা হয়।

৯.৪ ২০১৬-১৭ অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি)

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত

১০.১ ২০১৬-১৭ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ

১০.৩ মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশঃ

- মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে পর্যাপ্ত পদ ও জনবল সৃষ্টি করা প্রয়োজন। এছাড়া কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য প্রয়োজনীয় অফিস কক্ষ না থাকায় জরুরিভাবে মন্ত্রণালয়ে স্থান-এলাকা বৃদ্ধি করা অপরিহার্য;

- সরকারের সুশাসন সম্পৃক্ত নীতি নির্ধারণী কার্যাদি যেমন এসডিজি ও ৭ম পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনায় মন্ত্রণালয় সম্পৃক্ত বিষয়, এপিএ, এনআইএস এবং ইনোভেশনের বিষয়গুলি নিয়ে পৃথক একটি সেল/ইউনিট গঠন করা যায়;

- মন্ত্রণালয়ের কর্মকর্তা ও কর্মচারীদেরকে পর্যায়ক্রমে দেশে ও বিদেশে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন এবং প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন আবশ্যক;

- বিদেশে বাংলাদেশ দূতাবাসে মহিলা সেল গঠন এবং এর মাধ্যমে বিদেশে বাংলাদেশী অভিবাসী নারীর সার্বিক সহযোগিতা প্রদান এবং নারী পাচার রোধ;

- যে সকল মন্ত্রণালয়/বিভাগে শিশু ও নারী বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে- সেসব প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট/ডেস্কের সাথে এ মন্ত্রণালয়ের যোগাযোগ বৃদ্ধি এবং সমন্বয় সাধন;

- মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্যে পাঠ চর্চা বৃদ্ধির লক্ষ্যে থিমেটিক স্টাডি সার্কেল গঠন।

(১১) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

১১.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা
১	২	৩	৪
১৭টি	১৫৭.০২ (একশত সাতান্ন কোটি দুই লক্ষ টাকা)	বরাদ্দের বিপরীতে ব্যয়-১২২.১৫৯৩ (একশত বাইশ কোটি পনের লক্ষ তিরানব্বই হাজার টাকা) বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার-৭৭.৮০%	১২টি

১১.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত)

শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো
২টি: ১। নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)। ২। ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন।	১। Enabling Environment for Child Rights প্রকল্প। ২। এডভান্সমেন্ট এ্যান্ড প্রোমোটিং উইমেন রাইটস্ ৩। কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের আবাসনের জন্য হোস্টেল নির্মাণ, বড় আশুলিয়া, সাভার, ঢাকা প্রকল্প। ৪। বাংলাদেশ শিশু একাডেমী ৬টি জেলা শাখা কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)।	১। কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের আবাসনের জন্য হোস্টেল নির্মাণ, বড় আশুলিয়া, সাভার, ঢাকা প্রকল্প। ✦ ১২তলা বিল্ডিং ২। বাংলাদেশ শিশু একাডেমী ৬টি জেলা শাখা কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত) ✦ ৬টি শিশু কমপ্লেক্স স্থাপন।	১। কর্মরত মহিলা গার্মেন্টস শ্রমিকদের আবাসনের জন্য হোস্টেল নির্মাণ, বড় আশুলিয়া, সাভার, ঢাকা প্রকল্প। ✦ ১২তলা বিল্ডিং ২। বাংলাদেশ শিশু একাডেমী ৬টি জেলা শাখা কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (২য় সংশোধিত)। ✦ ৬টি শিশু কমপ্লেক্স স্থাপন।

(১২) অবকাঠামো উন্নয়নঃ

(অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৬-১৭) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০১৬-১৭) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি)

(লক্ষ টাকায়)

প্রকল্পের নাম	অর্থ বছরের (২০১৬-২০১৭) বরাদ্দকৃত অর্থ	ব্যয়িত অর্থ	২০১৬-২০১৭ অর্থ বছরের লক্ষমাত্রা	লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি
"নিবন্ধনকৃত মহিলা সমিতি ভিত্তিক ব্যতিক্রমী ব্যবসায়ী উদ্যোগ (জয়িতা-বান্দরবান)" শীর্ষক কর্মসূচি	১১২০.০০	৯.১৮৩	বিপনী বিতান নির্মাণ	'জয়িতা বান্দরবান' কর্মসূচির আওতায় নির্মিতব্য স্থাপনার স্থাপত্য নক্শা এলজিইডি এর মাধ্যমে প্রণয়ন করা হয়েছে। স্থাপত্য নক্শা চূড়ান্ত হলে অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন শেষে নির্মাণ কাজ শুরু হবে। কর্মসূচীটি অনুমোদন হয় মার্চ/২০১৭ মাসে। কর্মসূচি পরিচালক নিয়োগসহ কার্যক্রম শুরু হয় এপ্রিল/২০১৭ মাসে। প্রয়োজনীয় অর্থ শুধুমাত্র ৩য় কিস্তিতে ১১,০০,০০০/- টাকা মে/২০১৭ মাসে অবমুক্ত করা হয়।
১। সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াইহাজার ও মঠবাড়ীয়া উপজেলায় ট্রেনিং সেন্টার ও হোস্টেল নির্মাণ।	৯৮২.০০	৯৩২.২৬	৯৮২.০০	৯৪.৯৩%
২। পঞ্চাশ শয্যা বিশিষ্ট মহিলা ও শিশু ডায়াবেটিস, এন্ডোক্রিন ও মেটাবলিক হাসপাতাল স্থাপন, উত্তরা, ঢাকা।	৬৭৯.০০	৬৭৯.০০	৬৭৯.০০	১০০%
৩। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে নার্সেস হোস্টেল স্থাপন।	৫০০.০০	৫০০.০০	৫০০.০০	১০০%
৪। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প।	৮১৯.০০	৪১০.৮০	৮১৯.০০	৫০.১৬%

(১৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচি (ভিজিডি), দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা কর্মসূচি, শহরাঞ্চলে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল, স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে (সাধারণ অনুদান, বিশেষ অনুদান ও স্বেচ্ছাসেবী অনুদান) অনুদান বিতরণ, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচিসহ মোট আটটি সামাজিক নিরাপত্তা কর্মসূচির বিপরীতে ২০১৬-২০১৭ অর্থ-বছরে ১৭২২১০.৭৮ লক্ষ টাকা ব্যয়ে ২১,৩২,৪৮৩ জন উপকৃত হয়। ২০১৫-২০১৬ অর্থ-বছরে ১৩১,৪৫৩.২৯ লক্ষ টাকা ব্যয়ে মোট ১৫,৫০,৪৫৬ জন ও ৪,০৫৮টি প্রতিষ্ঠান নিরাপত্তা বেষ্টনীর তথ্যচিত্র নিম্নে দেখানো হল:

মন্ত্রণালয়/ বিভাগ	ক্রমিক	সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন	প্রতিবেদনাধীন বছর (২০১৬-১৭)		পূর্ববর্তী বছর (২০১৫-১৬)		মন্তব্য
			সুবিধাভোগী ব্যক্তি/ পরিবার/	প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়)	সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা	আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭	৮
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	-	-	-	-	-	-	-
মহিলা বিষয়ক অধিদপ্তর	১	দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচি	৫,০০,০০০ জন	৩১৮০০.০০	২,৬৪,০০০ জন	১৬৯৪০.০০	-
	২	কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি	১,৮০,৩০০ জন	১১৪,১৮.০০	১,২০,০০০ জন	৭৬৩১.৩০	-
	৩	দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচি	(ক) ৭,৫০,০০০ জন (জুলাই/১৬ হতে ডিসেম্বর/১৬ পর্যন্ত) (খ) ১০,০০,০০০ জন (জানু/১৭ হতে জুন/১৭ পর্যন্ত)	১২৪৪১১.৩৪	৭,৫০,০০০ জন	১০৩৭৯৯.৬৭	-
	৪	নিম্নবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণীর কর্মজীবী মাদের শিশুদের জন্য দিবাযত্ন কর্মসূচি প্রকল্প	-	৫০৭ জন	৪৩৬.০০		বর্তমানে রাজস্ব খাতে চলছে।
	৫	মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচি	৭৬৮২ জন	৩০০.০০	৫০৮৬ জন	২৫০.০০	-
	৬	৮টি কর্মজীবী মহিলা হোস্টেল কর্মসূচি	২৩৮৪ জন	২২৯.৬৮ ব্যয়	২,০৩৩ জন	ব্যয় ১৬৭.৯৩	-
	৭	শিশু দিবাযত্ন কর্মসূচি কর্মজীবী/ চাকুরীজীবী মা'দের ছোট সন্তানদের (৬ মাস থেকে ৬ বছর বয়স পর্যন্ত) নিরাপদ দিবাকালীন সেবা প্রদান করা।	-	-	২২৮০ জন	৯৭৮.৩৯	বর্তমানে রাজস্ব খাতে চলছে।
	৮	মহিলা স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ কেন্দ্র	৪৩৪৮টি (৪,৩৪,৮০০ জন)	৮৫০.০০	৪০৫৮টি (৪০৫৮০০জন)	৮০০.০০	-
	৯	শিশু দিবাযত্ন কর্মসূচি	২৪৪০ জন	১৫৫১.৮৪	-	-	৪ ও ৭ এ বর্ণিত শিশু দিবাযত্ন কর্মসূচি একীভূত করে ২০১৬-১৭ অর্থ বছর হতে মোট ৪৩টি ডে কেয়ার সেন্টার রাজস্ব খাতে পরিচালিত হচ্ছে।
বাংলাদেশ শিশু একাডেমী	১০	শিশু বিকাশ কেন্দ্র	৭৫০ জন	৪৮০.০০	৭৫০ জন	৪৫০.০০	-
			২১,২৮,৩৫৬ জন ৪৩৪৮টি প্রতিষ্ঠান	১৭,১০,০৩৭.৮৬	১৫,৫০,৪৫৬জন ৪০৫৮টি প্রতিষ্ঠান	১৩১,৪৫৩.২৯	-

জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ সাল পর্যন্ত ভিজিডি প্রকল্পে প্রশিক্ষন বাবদ বরাদ্দ ও ব্যয়ের তালিকাঃ

সময়কাল	বরাদ্দ	ব্যয়
২০০৯-২০১০	৬২২৯৩.৫২	৬০০৭৬.০১
২০১০-২০১১	৭৩৫৫৬.৬৩	৬৮০২১.০০
২০১১-২০১২	৮১৬৬৪.৮	৭৯৬৪৪.৭৫
২০১২-২০১৩	৮৯৭১৯.৬৯	৮৩১০৫.৪৭
২০১৩-২০১৪	৮৭৪৯১.৫২	৮৬৬৮৩.১
২০১৪-২০১৫	৯৩১৯১.৫৬	৯০৫২৭.১৯
২০১৫-২০১৬	১০৩৭৯৯.৬৭	১০২২০১.৮৬
২০১৬-২০১৭	১২৪৪১১.৩৪	১২৩৪৮১.৬২

জানুয়ারি ২০০৯ থেকে জুন ২০১৭ সাল পর্যন্ত ভিজিডি প্রকল্পে প্রশিক্ষন বাবদ বরাদ্দ ও ব্যয় (লক্ষ টাকায়)



(১৪) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ অধীনস্থ দপ্তর/সংস্থার অনুন্নয়ন বাজেট (পিপিএনবি) এর আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের (জুলাই ২০১৬-জুন ২০১৭) অগ্রগতি প্রতিবেদন

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	ক) কর্মসূচির নাম খ) কর্মসূচি পরিচালকের নাম গ) মনিটরিং কর্মকর্তা ও পদবী	বাস্তবায়নকারী সংস্থা	বাস্তবায়ন কাল	অনুমোদিত ব্যয়	২০১৬-১৭ অর্থ বছরের বরাদ্দ (সংশোধিত বরাদ্দসহ)	২০১৬-১৭ অর্থ বছরের জুন পর্যন্ত অবমুক্তি (বরাদ্দের %)	২০১৬-১৭ অর্থ বছরের জুন পর্যন্ত ব্যয় (বরাদ্দের %)	২০১৬-১৭ অর্থ বছরের জুন পর্যন্ত ভৌত অগ্রগতি (%)	২০১৬-১৭ অর্থ বছরের জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় (বরাদ্দের %)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	ক) নারী উদ্যোক্তা দক্ষতা উন্নয়ন কেন্দ্র ও হোস্টেল সহায়তা খ) বেগম শাহনওয়াজ দিলরুবা (উপসচিব) ০১৭১১৯৩১৯৯৩/৯৩৩২৩৭৪ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপ-সচিব(বাজেট ও অডিট), মশিবিম ২। সহকারী সচিব (অডিট), মশিবিম ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মশিবিম	বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)	(১/৯/১৩-৩০/৬/১৫)	৯৯৭.৮৮ (জিওবি ৯৫% ও বিডব্লিউসিসিআই ৫%)	২২৮.৯৭	২২৮.৯৭ ১০০%	২১৩.৭০ ৯৩.৩৩%		৫৯২.৩৮ ৫৯.৩৬%	জুন/২০১৭ কর্মসূচি সমাপ্ত
০২	ক) গ্রামীণ নারী উদ্যোক্তাদের দক্ষতা বিকাশ প্রশিক্ষণ (উপজেলা পর্যায়) শীর্ষক কর্মসূচী খ) বেগম ফারহানা আক্তার, গবেষণা কর্মকর্তা, মবিঅ ০১৯১১২৮৫৫০০ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপ-সচিব (বাজেট ও অডিট), মশিবিম ২। পরিচালক(মবিঅ) ৩। সচিব(বিডব্লিউসিসিআই)	বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই)	২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত	৭৩৭.৬৪	২৯৩.৭৮	২৯৩.৭৮ ১০০%	২৯৩.৭৫ ৯৯.৯৯%		৪৮৪.৪২ ৬৫.৬৭%	কার্যক্রম চলমান রয়েছে।
০৩	ক) নারী উদ্যোক্তা উন্নয়ন ও সম্প্রসারণ। খ) কর্মসূচি পরিচালক সুলতান আহমেদ মোবাইল-০১৭১৬২৭৯৬৫৮ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপ-সচিব (বাজেট ও অডিট), মশিবিম ২। সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের প্রতিনিধি ৩। এফবিসিসিআই এর ২ জন প্রতিনিধি ৪। সহঃ পরিচালক ও কর্মসূচি পরিচালক	দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)	(১/২/১৪-৩০/৬/১৬)	৮০০.০০ (জিওবি ৭৬০.০০ ও এফবিসিসিআই ৪০.০০)	১৬০.০০ (জিওবি ১৫২.০০)	১৫২.০০ ১০০%	১৩০.৭০ ৮১.৬৯%		৭১৭.৭৬ ৮৯.৭২%	জুন/২০১৭ কর্মসূচি সমাপ্ত
০৪	ক) দারিদ্র বিমোচনে মাতৃত্বকালীন ভাতা প্রাপ্ত মা'দের জন্য "স্বপ্ন" প্যাকেজ শীর্ষক কর্মসূচি। খ) পারভীন সুলতানা, সহকারী পরিচালক (মবিঅ) ৯৩৬১৯৭৫, ০১৭৮৪৬২৭৫৭২ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। পরিচালক (মবিঅ),মশিবিম ২। উপ-সচিব (বাজেট ও অডিট), মশিবিম ৩। সচিব(বিডব্লিউসিসিআই),গুলশান ৪। কর্মসূচি পরিচালক সংশ্লিষ্ট	মহিলা বিষয়ক অধিদপ্তর	(১/৭/১৪-৩০/৬/১৬)	৫৫০.০০	১০০.০০	১০০.০০ ১০০%	৯৫.৮৪১ ৯৫.৮৪%	১০০%	৫৪৩.০৮১ ৯৮.৭৪২%	জুন/২০১৭ কর্মসূচি সমাপ্ত

০৫	ক) গার্মেন্টস কারখানার নারী শ্রমিকদের সন্তানের জন্য ডে-কেয়ার সেন্টার শীর্ষক কর্মসূচী, খ) মোঃ ইয়াহিয়া, সহকারী পরিচালক, ০১৭১১০৫৩১৫৪ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপসচিব(উন্নয়ন-২)মশিবিম ২। সিনিয়র সহকারী সচিব(সেল) ৩। সহকারী সচিব (প্রশাসন-১), মশিবিম	জাতীয় মহিলা সংস্থা	২০১৪-১৫ হতে ডিসেম্বর- ১৭ পর্যন্ত	৬১০.৯৭	১৮৪.৭৮	১৮৪.৭৮ ১০০%	১৬৪.৭০ ৮৯.১৩%		৩১৭.৮৯ ৫২.০৩%	কার্যক্রম চলমান রয়েছে
০৬	ক) ক্যাটারিং (খাদ্য প্রস্তুতকরণ, সংরক্ষণ ও সার্ভিসিং) প্রশিক্ষণ জেলা পর্যায় শীর্ষক কর্মসূচী, খ) মোহাম্মদ আলী চৌধুরী ৯৩৫৪৪৫০, ০১৮১৫৪৯৬৪১৪ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্মসচিব, (প্রশাসন), মশিবিম ২। সরদার মোঃ আমিনুল ইসলাম, পরিচালক, জামস ৩। সিনিয়র সহকারী সচিব (শিশু), মশিবিম ৪। সহকারী সচিব (অডিট ও শৃঙ্খলা), মশিবিম	জাতীয় মহিলা সংস্থা	২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত	৬৬৯.৮৮	১৮৮.২৩	১৪১.১৮ ৭৫%	১২১.৯৬ ৬৪.৭৯%		৪১৪.৫৭ ৬১.৮৯%	জুন/২০১৭ কর্মসূচি সমাপ্ত
০৭	বাংলাদেশ শিশু একাডেমীর জাদুঘর সংস্কার, মেরামত ও আধুনিকীকরণ শীর্ষক কর্মসূচী খ) আনজীর লিটন, পরিচালক, ৯৫৫০৩১৭/০১৯১৪০৮৮০৯৩ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্মসচিব(মবিঅ), মশিবিম ২। জনাব নাসির-উ দৌলা (উপসচিব), বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা। ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মশিবিম ৪। সিনিয়র সহকারী সচিব (শিশু), মশিবিম	বাংলাদেশ শিশু একাডেমী	২০১৪-১৫ হতে ২০১৫-১৬ পর্যন্ত	৫৫৪.৭৫	৩৬৬.২৫	৩৬৬.২৫ ১০০%	১৮৭.০১ ৫১.০৬%	-	৩২৩.৩০ ৫৮.২৭%	জুন/২০১৭ সমাপ্ত
০৮	বাংলাদেশ শিশু একাডেমীর লাইব্রেরী শক্তিশালীকরণের জন্য অটোমেশন ও ডিজিটালাইজেশন (কেন্দ্রীয় কার্যালয় ও ৬৪ জেলা) শীর্ষক কর্মসূচী খ) জনাব আনজীর লিটন, পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা। ফোন-৯৫৫০৩১৭/ ০১৯১৪০৮৮০৯৩ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম ২। উপসচিব (বাজেট ও অডিট), মশিবিম ৩। জনাব আমির হোসেন খান সহকারী পরিচালক,বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা। ৪। সহকারী সচিব (বাজেট), মশিবিম	বাংলাদেশ শিশু একাডেমী	২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত	৫৫৭.৯০	১৩৫.০০	১৩৫.০০ ১০০%	৭৯.৫৩ ৫৮.৯১%		২৫৮.৪০ ৪৬.৩১%	কার্যক্রম চলমান রয়েছে।

৯	শিশু বিশ্বকোষ সংস্করণ, অভিধান, চিরায়ত সাহিত্য ও ঐতিহ্য পরিচিতিমূলক গ্রন্থ প্রকাশনা শীর্ষক কর্মসূচী খ) আনজীর লিটন, পরিচালক, ৯৫৫০৩১৭/ ০১৯১৪০৮৮০৯৩ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপসচিব(শিশু),মশিবিম ২। সহকারী পরিচালক(প্রশাসন-১),বাশিএ ৩। সহকারী সচিব(সমন্বয়), মশিবিম ৪। অর্থ বিভাগের একজন প্রতিনিধি	বাংলাদেশ শিশু একাডেমী	২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত	৮৮২.৮১	৩৫২.২৭	৩৫২.২৭ ১০০%	১৭৯.৩২ ৫০.৯০%		৫৮৩.৯৮ ৬৬.১৫%	প্রতিবেদন পাওয়া যায়নি।
১০	নারী আইসিটি ফ্রি-ল্যান্সার এবং উদ্যোক্তা উন্নয়ন শীর্ষক কর্মসূচী খ) মোঃ আইনুল কবীর (যুগ্মসচিব),মশিবিম, ০১৫৫২৩২৫৩৫৫ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপসচিব(মবিঅ-২), মশিবিম ২। জনাব ফারজানা খান, উপমহাব্যবস্থাপক, এসএসই ফাউন্ডেশন, ৩। জনাব আসাদ-উজ-জামান, কো-অর্ডিনেটর, স্কীল এমপ্লয়মেন্ট এবং পলিসি বিশেষজ্ঞ, এটুআই প্রোগ্রাম,প্রধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা। ৪। সহকারী সচিব(বাজেট), মশিবিম	এস এম ই ফাউন্ডেশন	২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত	৮০০.৪২	১৯১.৩৮	১৯১.৩৮ ১০০%	১৪০.৬৮ ৭৩.৫১%		৩৫৮.৭৪ ৪৪.৮২%	কার্যক্রম চলমান রয়েছে।
১১	হবিগঞ্জ জেলার সুবিধা বঞ্চিত নারীর জীবন দক্ষতা উন্নয়নের জন্য সচেতনতা বৃদ্ধি শীর্ষক কর্মসূচী, খ) বেগম মারজিয়া নাজনীন, উপপরিচালক, মবিঅ মোবাইলঃ ০১৭১২৭০৯৯৭৭ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্ম সচিব(প্রশাসন),মশিবিম ২। উপ-সচিব (বাজেট ও অডিট), মশিবিম ৩। বেগম সুলতানা বেগম (প্রশাসন ও অর্থ), মবিঅ ৪। সহকারী সচিব(বাজেট)	মহিলা বিষয়ক অধিদপ্তর	২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত	৪৯৬.০০	২৩৩.৮০	২৩৩.৮০ ১০০%	২০৮.১৫ ৮৯.০৩%		৩৭৯.২৩ ৭৬.৪৬%	কার্যক্রম চলমান রয়েছে।
১২	হরিজন শ্রেণির মহিলা ও শিশুদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি,স্বাস্থ্য সেবা প্রদান এবং শিশুদের লেখাপড়া নিশ্চিতকরন কর্মসূচি। খ) দিলীপ কুমার দেবনাথ সহকারী সচিব(বাজেট), মোবাইল-০১৮১৫২৫৩৯৭১ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্ম সচিব(মবিঅ),মশিবিম ২। উপসচিব(উন্নয়ন-২),মশিবিম ৩। সিঃ সহকারী সচিব(শিশু) মশিবিম ৪। সহকারী সচিব(সমন্বয়), মশিবিম	কেয়ার ফর মাদার এন্ড চিলড্রেন ফাউন্ডেশন	২০১৪-১৫ হতে ২০১৬-১৭ পর্যন্ত	৩০৪.৮০	১৩৫.৭৮	১৩৫.৭৮ ১০০%	১৩৫.২২ ৯৯.৫৮%		৩০৩.৩৭ ৯৯.৫৩%	কার্যক্রম চলমান রয়েছে।

১৩	প্রারম্ভিক মেধা বিকাশ দক্ষতা বৃদ্ধি। খ) মোঃ আইনুল কবীর (যুগ্মসচিব),মশিবিম, ০১৫৫২৩২৫৩৫৫ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। অতিরিক্ত সচিব(প্রশাসন),মশিবিম ২। উপসচিব (বাঃ ও অঃ), মশিবিম ৩। উপ সচিব (বাজেট-৯), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ৪। জনাব মোঃ তারিকুল ইসলাম,ইএলসিডি প্রকল্প ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা,মশিবিম ৬। নির্বাহী পরিচালক,আইসিএইচডি)	আইসিএইচডি	২০১৫-১৬ হতে ২০১৭-১৮ পর্যন্ত	৪৪৪.৫০	১৮৯.৩১	১৮৯.৩১ ১০০%	১৮৯.৩১ ১০০%		১৮৯.৩১ ৪২.৫৯%	কার্যক্রম চলমান রয়েছে।
১৪	কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে এতিম ও অসহায় কিশোরীদের জীবনমান উন্নয়ন লক্ষ্যে একাডেমীক ভবন নির্মাণ,সুনামগঞ্জ খ) জনাব মোঃ জিলাল উদ্দিন, সহকারী পরিচালক, ০১৭৫৭৩০২৮২৬ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। অতিরিক্ত সচিব(প্রশাসন), মশিবিম ২। উপসচিব(বাঃ ও অঃ), মশিবিম ৩। গণপূর্ত বিভাগের একজন প্রতিনিধি	মহিলা বিষয়ক অধিদপ্তর	২০১৬-১৭ হতে ২০১৭-১৮ পর্যন্ত	৯৩০.৫০	৪৫৪.৫০	১১৩.৬২৫ ২৫%	-	-	-	কার্যক্রম চলমান রয়েছে।
১৫	সুবিধা বঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য কার্যক্রম শীর্ষক কর্মসূচি খ) রনি চাকমা, সিনিয়র সহকারী সচিব (সেল) মশিবিম মোবাইল নং-৯৫৪৫৯৯৬ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্মসচিব(মবিঅ), মশিবিম ২। উপ-সচিব(উন্নয়ন-২), মশিবিম ৩। সিনিয়র সহকারী সচিব(শিশু), মশিবিম ৪। সহকারী সচিব(জামস), মশিবিম	স্পন্দন বি	২০১৬-১৭ হতে ২০১৭-১৮ পর্যন্ত	৩১৫.০০	১২৬.০০	১২৬.০০ ১০০%	৯২.২০ ৭৩.১৭%	-	৯২.২০ ২৯.২৭ %	কার্যক্রম চলমান রয়েছে।
১৬	কিশোর-কিশোরী সুরক্ষা ক্লাব গঠন ও টিভি অনুষ্ঠানের মাধ্যমে বাল্যবিবাহ বন্ধ,বয়সন্ধি স্বাস্থ্য এবং অধিকার প্রতিষ্ঠা করে ভবিষ্যত প্রজন্ম-কে সুগঠিত করা খ) জনাব মোঃ মুখলেছুর রহমান খান, সহকারী সচিব ৯৫৬৭৪১৭/ ০১৫৫২৩৫৩২৯৭ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্মসচিব (মবিঅ) মশিবিম ২। উপসচিব (শিশু) মশিবিম ৩। অর্থ বিভাগের একজন প্রতিনিধি ৪। চেয়ারম্যান, স্বর্ণ কিশোরী নেট ওর্য়াক ফাউন্ডেশন ৫। সহকারী সচিব (জামস)	স্বর্ণ কিশোরী নেট ওয়ার্ক ফাউন্ডেশন	২০১৫-১৬ হতে ২০১৭-১৮ পর্যন্ত	৩১৫.০০	১৫৭.৫০	১৫৭.৫০ ১০০%	১৫৭.৩১ ৯৯.৮৮%	-	২৩৮.৬২ ৭৫.৭৫%	কার্যক্রম চলমান রয়েছে।

১৭	জয়িতা ব্রিজিং কর্মসূচি (২য় পর্যায়) শীর্ষক কর্মসূচি। খ) মোঃ সাকাওয়াত হোসেন, উপপরিচালক, জয়িতা ফাউন্ডেশন। মোবাইলঃ ০১৭১৬৪১৭৯৯৭ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপ-সচিব(মবিঅ-২),মশিবিম ২। সিঃ সহকারী প্রধান(প্লাউ), মশিবিম ৩। সহকারী সচিব(বাজেট), মশিবিম ৪। মোহাম্মদ কামাল হোসেন,জয়িতা ফাউন্ডেশন	জয়িতা ফাউন্ডেশন	জুলাই ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ পর্যন্ত	৬৯৮.৫০	২৩৩.৫০	২৩৩.৫০ ১০০%	২২৪.২১ ৯৬.০২%		২২৪.২১ ৯৬.০২%	কার্যক্রম চলমান রয়েছে।
১৮	জয়িতা-র পণ্যের বৈচিত্রকরণ ও মানোন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি খ) মোঃ সাকাওয়াত হোসেন, উপপরিচালক, জয়িতা ফাউন্ডেশন। মোবাইলঃ ০১৭১৬৪১৭৯৯৭ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপ-সচিব(বাজেট ও অডিট),মশিবিম ২। সহকারী সচিব(অডিট) মশিবিম ৩। সহকারী সচিব (প্রশাসন-১),মশিবিম	জয়িতা ফাউন্ডেশন	আগষ্ট ২০১৬ হতে ডিসেম্বর ১৭ পর্যন্ত	৫৫১.৪৮	৩০৯.২৪	৩০৯.২৪ ১০০%	৪৬.৪৪ ১৫.০২%	-	৪৬.৪৪ ৮.৪২%	কার্যক্রম চলমান রয়েছে।
১৯	জয়িতা-র খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ শীর্ষক কর্মসূচি। খ) জনাব কামাল হোসেন মোবাইল নাম্বার-০১৯২০৯৫০১৫২ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপসচিব (বাজেট ও অডিট), মশিবিম ২। সিনিয়র সহকারী প্রধান (প্লাউ), মশিবিম ৩। সহকারী সচিব (বাজেট), মশিবিম ৪।সহকারী প্রধান, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ,কর্মসূচি পরিবীক্ষণ শাখা-৩, অর্থ বিভাগ ৫। জনাব মোঃ সাকাওয়াৎ হোসেন তালুকদার, উপ-পরিচালক	জয়িতা ফাউন্ডেশন	২০১৬-১৭ হতে ২০১৮-১৯ পর্যন্ত	৪৬০.০০	১৭২.০০	১৭২.০০ ১০০%	৩৪.৭৬ ২০.২১%		৩৪.৭৬ ৭.৫৬%	কার্যক্রম চলমান রয়েছে।
২০	নিবন্ধনকৃত মহিলা সমিতিভিত্তিক ব্যতিক্রমী ব্যবসায়ী উদ্যোগ (জয়িত বান্দরবান) শীর্ষক কর্মসূচি। কর্মসূচি পরিচালক -পারভীন সুলতানা,সহকারী পরিচালক,মবিঅ মোবাইলঃ ৯৩৬১৯৭৫ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। অতিরিক্ত সচিব(প্রশাসন),মশিবিম ২। উসচিব(বাজেট ও অডিট),মশিবিম ৩। জান্নাতুল ফেরদৌস, গবেষনা কর্মকর্তা, মবিঅ	মহিলা বিষয়ক অধিদপ্তর	২০১৬-১৮ হতে ২০১৮-১৯ পর্যন্ত	৭৮৯.০০	১১২.০০	১১.০০ ৯.৮২%	৯.১৮৪ ৮.২০%	-	৯.১৮৪ ১.১৬%	কার্যক্রম চলমান রয়েছে।

২১	গর্ভ হতে ৫ বছর পর্যন্ত শিশুর বিকাশে জীবন দক্ষতা প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম শীর্ষক কর্মসূচি। কর্মসূচি পরিচালকের নাম- বেগম রায়না আহমেদ মোবাইল-০১৭১১৩৯৪৯৭৯/৯৫৭০৬৫৭ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। অতিরিক্ত সচিব(উঃ ও পরিঃ) ২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অডিট) ৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (উন্ন-১) ৪। সূচনা ফাউন্ডেশনের একজন প্রতিনিধি।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়	২০১৬-১৭ হতে ২০১৮-২০১৯ পর্যন্ত	৪৫০.০০	১২৩.২৪	২৩.৬৪ ১৯.১৮%	২৩.২৮ ১৮.৮৯%		২৩.২৮ ৫.১৭%	কার্যক্রম চলমান রয়েছে।
২২	ফ্যাশন ডিজাইন ইউনিট (অপরাজিতা) স্থাপনের মাধ্যমে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সামগ্রীর আধুনিকায়ন শীর্ষক কর্মসূচি। কর্মসূচি পরিচালকের নাম-বেগম শরীফা আহমেদ মোবাইল- ০১৫৫২৩৩০১৭০ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্মসচিব(প্রশাসন) ২। সহকারী সচিব(বাজেট) ৩। বেগম ফারহানা আখতার	মহিলা বিষয়ক অধিদপ্তর	২০১৬-১৭ হতে ২০১৮-২০১৯ পর্যন্ত	৫৭৭.০০	১২২.৫০	২.০০ ১.৬৩%	২.০০ ১.৬৩%		২.০০ ০.৩৫%	কার্যক্রম চলমান রয়েছে।
২৩	এফপিএবি'র পরিবার উন্নয়ন কেন্দ্রের (এফডিসি) মাধ্যমে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান ও নারী উদ্যোক্তা সৃষ্টি ও কর্মসংস্থান শীর্ষক কর্মসূচি। কর্মসূচি পরিচালকের নাম- মোঃ মাসুদুর রহমান, সহকারী সচিব(প্র-২), মশিবিম। মোবাইল- ০১৬৮০০৬২২২৪/৯৫৪০১৯৩ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। উপসচিব(বাজেট ও অডিট) ২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অডিট) ৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সমন্বয়) ৪। অর্থ বিভাগের একজন প্রতিনিধি	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়	২০১৬-১৭ হতে ২০১৮-২০১৯ পর্যন্ত	৫০০.০০	১০০.২০	১০০.২০ ১০০%	৪৫.২৮০ ৪৫.১৯%		৪৫.২৮০ ৯.০৬%	কার্যক্রম চলমান রয়েছে।
২৪	গাজীপুর সিটি কর্পোরেশনের দরিদ্র মহিলা ও শিশুদের স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদান শীর্ষক কর্মসূচি। কর্মসূচি পরিচালকের নামঃ মোঃ রেজাউল হক মোবাইল নাম্বারঃ ০১৮২২৯৭৫৬৬৯/৯৫৪০১০৭ গ) মনিটরিং টিমের সদস্যঃ ১। যুগ্মসচিব(প্রশাসন) ২। উপসচিব(বাজেট ও অডিট) ৩। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট) ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রঃ-২)	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	২০১৬-১৭ হতে ২০১৮-২০১৯ পর্যন্ত	৬০৮.৫০	২২০.৩৯	১৬৫.২৭ ৭৫%	৫৫.৭৭ ২৫.৩%		৫৫.৭৭ ৯.২%	কার্যক্রম চলমান রয়েছে।
২৫	ক) বিশেষায়িত আধুনিক ট্রেড প্রশিক্ষণ (খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও বিউটিফিকেশন) খ) সরদার মোঃ আমিনুল ইসলাম, পরিচালক, ৯৩৩৩৮৩ গ) উপসচিব (প্রশিক্ষণ), মশিবিম ও আরো ৪জন	জাতীয় মহিলা সংস্থা	(১/১১/১৩-৩০/৬/১৬)	৮৪৩.৮৭	১৬৩.৭২	১১৫.৩৮ ৭০.৪৭%	৯৯.৮৪ ৬০.৯৮%		৭৬৮.৪৬ ৯১.০৬%	ডিসেম্বর ২০১৬ সমাপ্ত

(১৫) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কর্মসূচীসমূহঃ

১৫.১ জয়িতা ফাউন্ডেশনের কার্যক্রম

কর্মসূচির নাম: নিবন্ধনকৃত মহিলা সমিতিভিত্তিক ব্যতিক্রমী ব্যবসায়ী উদ্যোগ (জয়িতা-বান্দরবান)।

কর্মসূচির বাস্তবায়ন কাল: মার্চ/২০১৭ হতে ফেব্রুয়ারি/২০২০, **মোট প্রাক্কলিত ব্যয় :** ৭৮৯.০০ লক্ষ টাকা।

উদ্দেশ্য:
বান্দরবান পাবর্ত্য জেলা শহরে পর্যটন এলাকায় মহিলা বিপনী কেন্দ্র স্থাপন, ভৌত অবকাঠামোগত উন্নয়ন ও সৌন্দর্য্য বর্ধনের মাধ্যমে নারী উদ্যোক্তাদের সমিতি ভিত্তিক সংগঠিত করে তাদের উৎপাদিত পণ্য/বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ।

কর্মসূচির লক্ষ্য:

- বান্দরবান পাবর্ত্য জেলা শহরে পর্যটন এলাকায় মহিলা বিপনী কেন্দ্র স্থাপন এবং কেন্দ্রের অবকাঠামোগত উন্নয়ন ও সৌন্দর্য বৃদ্ধি করা।
- বিপনী কেন্দ্রের নারী উদ্যোক্তাদের সমিতির মাধ্যমে সংগঠিত করার জন্য দলীয় মনোভাব সৃষ্টি করে সকল সদস্যকে ব্যবসার সাথে সম্পৃক্তকরণ এবং তাদের সকলের অংশীদারিত্ব নিশ্চিতকরণ।
- সমিতির সদস্যদের মধ্যে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার পাশাপাশি ব্যবসার পুঁজি ও বিনিয়োগ মনোভাব সৃষ্টি করা।
- বিপনী কেন্দ্র ভিত্তিক নারী বান্ধব পরিবেশ গড়ে তোলা এবং নারী উদ্যোক্তাদের বিনোদনের ব্যবস্থা করা।
- নারী উদ্যোক্তাদের মহিলা বিষয়ক অধিদপ্তরের চলমান ক্ষুদ্রঋণ কর্মসূচী এবং মার্কেটিং নেটওয়ার্কের সাথে লিংকেজ স্থাপন।
- বাণিজ্যিক ব্যবস্থাপনা ও পণ্য উৎপাদনের জন্য চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান।
- কাঁচামাল সংগ্রহ, উৎপাদন, সরবরাহ, বিক্রয় প্রতিটি ক্ষেত্রে ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজে সংগঠনের প্রতিটি সদস্যকে সম্পৃক্তকরণ।
- সমগ্র দেশব্যাপী পর্যায়ক্রমে মহিলাদের দ্বারা উৎপাদিত পণ্য/সেবা পরিচালিত ব্যবসার একটি ব্র্যান্ড ইমেজ গড়ে তোলার জন্য 'জয়িতা' নামে বিপনী কেন্দ্রটি পরিচালনা করা।

কার্যক্রম:

- বান্দরবান পার্বত্য জেলা শহরে মেঘলা পর্যটন কেন্দ্রে এলজিইডি এর মাধ্যমে বিপনী কেন্দ্র স্থাপন।
- ৫০টি ষ্টল ব্যবসার ভিন্নতা ও চাহিদা অনুসারে ঢেলে সাজানো ও বরাদ্দের ব্যবস্থা গ্রহণ।
- স্থানীয়ভাবে পর্যটকদের চাহিদার দিকে লক্ষ্য রেখে বাণিজ্যিক প্রসার ও প্রচারণার ব্যবস্থা করা।

কর্ম এলাকা: বান্দরবান জেলা।

কর্মশালায় অতিথিবৃন্দ

১৫.২ গ্রামীণ নারী উদ্যোক্তাদের দক্ষতা বিকাশ প্রশিক্ষণ (উপজেলা পর্যায়) কর্মসূচী

১।	কর্মসূচির নাম	:	গ্রামীণ নারী উদ্যোক্তাদের দক্ষতা বিকাশ প্রশিক্ষণ কর্মসূচি (উপজেলা পর্যায়)।
২।	মেয়াদকাল	:	মার্চ ২০১৫-জুন ২০১৭
৩।	উদ্দেশ্য		(ক) ব্যবসা নির্বাচন, পরিকল্পনা ও পরিচালনায় গ্রামীণ নারী উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধি করা। (খ) নারী উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসূচির মেয়াদে ৯৩০০ জন তৃণমূল নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা।
৪।	কর্মসূচির লক্ষ্য	:	(ক) নারী উদ্যোক্তাদের ব্যবসা নির্বাচন, যোগাযোগ ও পণ্য বিপণনের বিভিন্ন কৌশল ব্যবহারে উৎসাহী করা। (খ) সহজলভ্য প্রযুক্তিভিত্তিক ব্যবসা গ্রহণে উদ্বুদ্ধ করা। (গ) গ্রামীণ নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, বিক্রয় ও পরিচিতিকরণে প্রতিটি জেলায় বস্ত্র ও কুটির শিল্প পণ্য মেলার আয়োজন করা। (ঘ) গ্রামীণ নারী উদ্যোক্তাদের পণ্যের পরিচিতিমূলক প্রকাশনা প্রকাশ করা। (ঙ) গ্রামীণ নারী উদ্যোক্তাদের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে "শ্রেষ্ঠা" নামক সম্মাননা প্রদান করা।
৫।	মোট প্রাক্কলন ব্যয়	:	৭৩৭.৬৪ লক্ষ টাকা (সাত কোটি সাইত্রিশ লক্ষ চৌষট্টি হাজার টাকা)।
৬।	কর্মসূচীর কার্যক্রম		কর্মসূচির লক্ষ্য অর্জনে কর্মসূচির আওতায় দুই ধরণের প্রশিক্ষণ প্রদান করা হবে যা নিম্নরূপঃ (ক) নারী উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা (মৌলিক)। (খ) জীবন জীবিকা ও প্রযুক্তিভিত্তিক ব্যবসা নির্বাচন সম্পর্কে ধারণা।
৭।	বাস্তবায়ন এলাকা	:	৬৪টি জেলার ১৫৫টি উপজেলা।
৮।	জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি	:	(ক) "নারী উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা (মৌলিক)" এবং "জীবন জীবিকা ও প্রযুক্তিভিত্তিক ব্যবসা নির্বাচন সম্পর্কে ধারণা" বিষয়ে ২টি প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে। (খ) ২১৫ ব্যাচে ৬,৪৫০ জন নারী উদ্যোক্তাকে "নারী উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা (মৌলিক)" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গ) ১৭০ ব্যাচে ৫,১০০ জন নারী উদ্যোক্তাকে "জীবন জীবিকা ও প্রযুক্তিভিত্তিক ব্যবসা নির্বাচন সম্পর্কে ধারণা" বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঘ) গ্রামীণ নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, বিক্রয় ও পরিচিতিকরণে জেলা পর্যায়ে ৩৫টি বস্ত্র ও কুটির শিল্প পণ্য মেলা সম্পন্ন হয়েছে।

চিত্রঃ "নারী উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা (মৌলিক)" বিষয়ে প্রশিক্ষণ প্রদান।

চিত্রঃ "জীবন জীবিকা ও প্রযুক্তিভিত্তিক ব্যবসা নির্বাচন সম্পর্কে ধারণা" বিষয়ে প্রশিক্ষণ প্রদান এর উদ্বোধন অনুষ্ঠান।

১৫.৩ ফ্যাশন ডিজাইন ইউনিট (অপরাজিতা) স্থাপনের মাধ্যমে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সামগ্রীর আধুনিকায়ন শীর্ষক কর্মসূচি

১। কর্মসূচীর নাম : ফ্যাশন ডিজাইন ইউনিট (অপরাজিতা) স্থাপনের মাধ্যমে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যসামগ্রীর আধুনিকায়ন।

২। বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর।

৩। প্রশাসনিক মন্ত্রণালয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৪। কর্মসূচির মেয়াদ কাল : মার্চ/২০১৭ হতে ফেব্রুয়ারি/২০২০

৫। কর্মসূচির প্রাক্কলন ব্যয় : ৫৭৭.০০ লক্ষ টাকা।

৬। কর্মসূচীর সংক্ষিপ্ত পটভূমি :

- আমাদের সংবিধানের ২৮ অনুচ্ছেদে সুস্পষ্ট অঙ্গিকার ব্যক্ত করা হয়েছে যে, "রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন"।
- আমাদের দারিদ্র্য বিমোচন কৌশলে সরকার অনগ্রসর সুবিধা বঞ্চিত নারী সমাজকে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর মাধ্যমে সুরক্ষাদানে সবিশেষ গুরুত্বারোপ করেছেন এবং নারী সমাজের সামগ্রিক উন্নয়নে নারী বান্ধব বিভিন্ন আর্থ-সামাজিক উদ্যোগ গ্রহণ করছেন।
- নারী উন্নয়ন নীতিমালার আলোকে সরকারী খাতের নারীবান্ধব উন্নয়ন কৌশলের কারনে বেসরকারী খাতে নারী কেন্দ্রিক বিভিন্ন উন্নয়ন প্রয়াস উৎসাহিত হচ্ছে ও বেগবান হচ্ছে।
- ফলশ্রুতিতে নারী সমাজ গৃহস্থালী কাজের পাশাপাশি আত্ম কর্মসংস্থানমূলক বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডে নিজেদেরকে সম্পৃক্ত করছেন।

৭। কর্মসূচীর উদ্দেশ্য ও লক্ষ্য :

উদ্দেশ্যঃ

ফ্যাশন ডিজাইন ইউনিট (অপরাজিতা) স্থাপনের মাধ্যমে তৃণমুল পর্যায়ের বিভিন্ন নারী উদ্যোক্তাদের পণ্যসামগ্রী উৎপাদনে আধুনিকায়ন, বিপণন সেবা ও দেশে বিদেশে বাজার ব্যবস্থা শক্তিশালীকরণ।

লক্ষ্যসমূহঃ

- ৫০০০ বর্গফুট সম্পন্ন (মানসম্মত ও উপযোগী) ফ্লোর ভাড়া করে ফ্যাশন ডিজাইন ইউনিট (অপরাজিতা) স্থাপন।
- চাহিদা ভিত্তিক ক্যাটাগরী অনুযায়ী ডিজাইন ইউনিটকে বিভক্তিকরণ।
- এককালীন ৫০ জন মোট ৫০০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- স্বল্পকালীন একজন ফ্যাশন ডিজাইনার (পরামর্শক) নিয়োগের মাধ্যমে ক্যাটাগরী অনুযায়ী ডিজাইনের মডিউল প্রণয়ন।
- ক্যাটাগরী ভিত্তিক ডিজাইনার নিয়োগ।
- নারী উদ্যোক্তা হিসাবে সরাসরি ব্যবসায় সম্পৃক্ত মহিলা বিষয়ক অধিদপ্তরের রেজিষ্ট্রিকৃত সমিতি হতে নির্বাচনের ভিত্তিতে প্রশিক্ষণার্থী নির্বাচন।
- ফ্যাশন ডিজাইন উন্নয়নের পাশাপাশি নারী উদ্যোক্তাদের উৎপাদন, বিপণন সেবা এবং দেশে বিদেশে বাজারজাতকরণ প্রক্রিয়ার মান উন্নয়ন।
- ব্যবসায়ী সম্পৃক্ত নারী উদ্যোক্তাদের ই-মার্কেটিং এ দক্ষতা বৃদ্ধিকরণ।
- সরকারী/বেসরকারী ঋণ কার্যক্রমের সাথে লিংকেজ স্থাপন।

৮। কর্মসূচীর কৌশলসমূহ — বাস্তবায়ন : ফ্যাশন ডিজাইন ইউনিট (অপরাজিতা) চালুর মাধ্যমে নারীর ক্ষমতায়ন, মানসম্পন্ন উৎপাদন বৃদ্ধি, সরবরাহ, ক্রেতার চাহিদা মেটানো, নারীর কর্মস্থানের সুযোগ সৃষ্টি, নারী ও পুরুষের বৈষম্য হ্রাস, নারী উদ্যোক্তা সৃষ্টি, দেশে উৎপাদিত পণ্য সামগ্রীর মান উন্নয়ন, বর্হিবিশ্বে নিজেদের পণ্য বিক্রয় এবং বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে জাতীয় মূল অর্থনীতির সহিত সম্পৃক্ত হওয়া।

রেজিষ্ট্রেশনকৃত সমিতিসমূহের উৎপাদিত পণ্য অনেক সময় মানসম্মত হয় না। ফলে ব্যবহারকৃত শ্রম, সময় এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার হয় না। ফ্যাশন ডিজাইন ইউনিটে প্রশিক্ষণ প্রাপ্ত হলে মানসম্মত পণ্য উৎপাদনের সাথে সাথে দেশে এবং বিদেশে এর চাহিদা বাড়বে।

- এখান থেকে প্রাপ্ত প্রশিক্ষণ প্রশিক্ষিত উদ্যোক্তারা তৃণমূল পর্যায়ে বিস্তৃত করতে পারবে এবং সেখানে মহিলাদের কর্মসংস্থানের সুযোগ তৈরী হবে। নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য সুলভে দেশে এবং বিদেশে বিপণনের জন্য কর্মসূচীটির প্রস্তাব করা হয়েছে।

- তৃণমূল পর্যায়ের উদ্যোক্তারা যুগের চাহিদা ভিত্তিক নিত্যনতুন ফ্যাশন ডিজাইনে প্রশিক্ষণ পেয়ে দক্ষ হবে এবং দেশে-বিদেশে সরবরাহের জন্য পণ্য উৎপাদন করতে পারবে। তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তারা আধুনিক চাহিদা ভিত্তিক তাঁদের তৈরী পণ্য ই-মার্কেটিং এর মাধ্যমে ক্রেতার দোরগোঁড়ায় পৌঁছে দিতে পারবে।

৯। অগ্রগতি : ২০১৬-১৭ অর্থ-বছরে ২.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। ১৫ জুন, ২০১৭ তারিখ কর্মসূচির অবহিতকরণ সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

চিত্রঃ "ফ্যাশন ডিজাইন ইউনিট (অপরাজিতা) স্থাপনের মাধ্যমে নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যসামগ্রীর আধুনিকায়ন" কর্মসূচির অবহিতকরণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠান।

(১৬) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর অনুষ্ঠান।

মন্ত্রণালয়ের সঙ্গে এর অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) স্বাক্ষর অনুষ্ঠান।

